97. নির্বাচন কমিশন কর্তৃক দাখিলকৃত হলফনামা ও সম্পূরক হলফনামায় (যথাক্রমে অনুচ্ছেদ ২২ (ix) এবং ৭) দ্ব্যর্থহীন ভাবে উল্লেখ করা হয়েছে যে, জামায়াতে ইসলামী'র পক্ষে জনাব জসিমউদ্দিন সরকার গঠনতন্ত্রের কতিপয় বিধান কর্তন করার সময় প্রতিশ্রুতি (promised) দিয়েছিলেন যে, দলের পরবর্তী কাউন্সিল সভায় সংবিধান বহির্ভূত গঠনতন্ত্রের বিধানসমূহ বাদ দেয়া হবে। কিন্তু সেই প্রতিশ্রুতি অনুযায়ী পরবর্তিতে গঠনতন্ত্রের সংবিধান বর্হিভূত বিধানসমূহ বাদ দেয়া হয়নি। কোন ব্যক্তি বা দলের মৌখিক প্রতিশ্রুতির উপর ভিত্তি করে নির্বাচন কমিশনের মত একটি সাংবিধানিক প্রতিষ্ঠান কর্তৃক একটি রাজনৈতিক দলকে নিবন্ধন প্রদান আইনতঃ ও ন্যায়ত অনুমোদনযোগ্য নয়; এ ধরনের কাজ বে-আইনী ও ক্ষমতা বর্হিভূত।

98. ১-৩ নং প্রতিবাদী পক্ষের হলফনামায় দাবী করা হয়েছে যে, নির্বাচন কমিশন দলটির গঠনতন্ত্রের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে সন্তুষ্ট হয়েই নিবন্ধন দিয়েছে এবং তা আইনানুগ ভাবেই দেয়া হয়েছে এবং বর্তমান অবস্থায় তা বাতিলের কোন সুযোগ নেই।

99. জামায়াতে ইসলামী'র এ বক্তব্য নির্বাচন কমিশন ও উক্ত দল কর্তৃক দাখিলকৃত দলিলাদির সঙ্গে একেবারেই সংগতিপূর্ণ নয়। কমিশনের সম্পূরক হলফনামায় সংযুক্তি ১৭ এবং সংযুক্তি ২৪ হতে প্রতীয়মান যে, ১৯ এপ্রিল, ২০১০ ও ৪ নভেম্বর, ২০১২ সালে নির্বাচন

কমিশন কর্তৃক জামায়াতে ইসলামী এর সেক্রেটারী জেনারেল, ৩নং প্রতিবাদী, বরাবরে যথাক্রমে তাগিদপত্র-১ ও তাগিদপত্র-২ দেয়া হয়, তাগিদ পত্র-২ এর দ্বারা ৫ ডিসেম্বর, ২০১২-এর মধ্যে সংশোধিত গঠনতন্ত্র কমিশনে দাখিলের জন্য অনুরোধ করা হয়।

100. ঐ তাগিদপত্রের জবাবে জনাব জসিমউদ্দিন সরকার ২০ নভেম্বর, ২০১২ তারিখে কমিশন সচিব বরাবরে একটি পত্র দিয়ে সংশোধিত গঠনতন্ত্রের কপি দাখিলের জন্য ৫ ফেব্রুয়ারী, ২০১৩ পর্যন্ত সময় বর্ধিত করার আবেদন করেন (সংযুক্তি ২৫) এবং অবশেষে ২ ডিসেম্বর, ২০১২ তারিখে কমিশন সচিব বরাবরে দলটির সংশোধিত গঠনতন্ত্র-এর কপি জমা প্রদান করা হয় (সংযুক্তি-২৬)। ১-৩নং প্রতিপক্ষ অত্র রুলটি খারিজ করার জন্য পৃথকভাবে যে দরখাস্তটি আদালতে দাখিল করেছিলো, সেই দরখাস্তে উপরোক্ত দলিলাদিসহ এ সংক্রান্ত অন্যান্য দলিলাদি সংযুক্ত (X5-X10) করা আছে।

কমিশনের সম্পূরক হলফনামার সংযুক্তি ২৭ হতে স্পষ্টতই দৃশ্যমান যে, জামায়াতে ইসলামী সর্বশেষ যে গঠনতন্ত্রটি কমিশনে জমা দিয়েছে সে গঠনতন্ত্রটিও সংবিধানের অনেক বিধানের এর সাথে সাংঘর্ষিক। এমতাবস্থায়, ১-৩ নং প্রতিবাদী পক্ষের যে বক্তব্য ও দাবী 'নির্বাচন কমিশন তাদের লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে অবহিত হয়ে নিবন্ধন প্রদান করেছে' তার কোন বাস্তব ভিত্তি ও উৎকর্ষতা নেই এবং ঐ বক্তব্য ও দাবী অন্তঃসার শূন্য এবং স্ববিরোধী।

101. উপরোক্ত আলোচনা হতে এটা অত্যন্ত সুস্পষ্ট যে, জামায়াতে ইসলামী'র কেন্দ্রীয় আইন সম্পাদক জনাব জসিমউদ্দিন সরকার দলের পক্ষে নির্বাচন কমিশন-কে সংবিধানের আলোকে যথাযথ ভাবে দলীয় গঠনতন্ত্র সংশোধনক্রমে আইন অনুযায়ী কমিশনে জমা প্রদান করবেন এহেন মৌখিক প্রতিশ্রুতি ও আশ্বাস প্রদান করেই দলের নিবন্ধন হাসিল করেছেন। কিন্তু প্রতিশ্রুতি ও আশ্বাস অনুযায়ী পরবর্তীতে সংবিধানের আলোকে গঠনতন্ত্র সংশোধন না করে বরং এখন দাবী করা হচ্ছে যে, দলটির নিবন্ধন সঠিক ভাবেই দেয়া হয়েছে এবং তা হস্তক্ষেপযোগ্য নয়। জামায়াতে ইসলামী'র পক্ষে সংবিধানের আলোকে দলের গঠনতন্ত্র সংশোধন করার যে প্রতিশ্রুতি ও আশ্বাস কমিশনে প্রদান করা হয়েছিল তা ১-৩ নং প্রতিবাদীগণ তাঁদের দাখিলকৃত হলফনামা ও সম্পূরক হলফনামায় কখনও অস্বীকার করেননি।

102. উক্ত উপায়ে তর্কিত নিবন্ধনটি হাসিলের পর ৩নং প্রতিবাদী তাঁর দাখিলীয় রীট পিটিশন নং ৬৮১২/২০০৮-টি আদালতে উপস্থাপিত হয়নি মর্মে খারিজ করিয়ে নেন। ঐ রীট মোকদ্দমায় ৩ নং প্রতিবাদী গণপ্রতিনিধিত্ব আদেশের অনুচ্ছেদ ৯০বি(১) (বি(ii), ৯০সি (১)(এ)বি) অর্থাৎ নিবন্ধনসংক্রান্ত বিধানসমূহ সম্পর্কে আপত্তি উত্থাপন অর্থাৎ চ্যালেঞ্জ করেছিলেন।

103. উপরোক্ত ঘটনাসমূহ বিচার বিশ্লেষণে আমি নিঃসংকোচে ও দ্ব্যর্থহীন ভাবে মতামত ব্যক্ত করতে চাই যে, জামায়াতে ইসলামী নিবন্ধন হাসিলের জন্য নির্বাচন কমিশনে ঐ ধরনের মৌখিক প্রতিশ্রুতি ও আশ্বাস ছিল প্রকারান্তরে নির্বাচন কমিশনকে বিভ্রান্ত (mislead) করে কৌশল ও শঠতার আশ্রয় গ্রহনের মাধ্যমে তর্কিত নিবন্ধনটি হাসিল করা; এবং অবশেষে দলটি তা করতে সক্ষম হয়েছে। অধিকন্তু, উক্ত রীট মোকদ্দমাটি দায়েরের উদ্দেশ্য ছিল নির্বাচন কমিশনের উপর মনস্তাত্বিক চাপ সৃষ্টি করা।

104. মুহাম্মদ হাবিবুর রহমান (সাবেক প্রধান বিচারপতি) এবং আনিসুজ্জামান (অধ্যাপক আনিসুজ্জামান) কর্তৃক সংকলিত ও সম্পাদিত "আইন শব্দকোষ" গ্রন্থে `fraud' শব্দের অর্থ ও ব্যাখ্যায় উল্লেখ করা হয়েছে যে, 'কোন বস্তুগত সুবিধালাভের উদ্দেশ্যে কথায় বা কাজে জ্ঞাতসারে বা বেপরোয়াভাবে কৃত কোন মিথ্যা বর্ণনা।' ব্যাখ্যায় decit শব্দটিকেও fraud –এর অর্ন্তভুক্ত করা হয়েছে।

105. Decit বা প্রতারণা, প্রবঞ্চনা-এর ব্যাখ্যায় উল্লেখ করা হয়েছে যে, "যদি কেহ জ্ঞাতসারে অথবা হটকারিতা পূর্বক কোন ঘটনা সম্পর্কে এমন উদ্দেশ্যে মিথ্যা কথা বলেন যে, অপর ব্যক্তি তাহার উপর নির্ভর করিয়া কাজ করেন; 'প্রতারণা' বা 'প্রতারকের কৌশল' একটি সূক্ষ্ম, ধূর্ত ফন্দি বা পরিকল্পনা যাহার কোন নাম নাই। সকল ধরনের শঠতা, সূক্ষ্মতা, চাতুর্য, প্রবঞ্চনা, ধূর্ততা, অবজ্ঞা, দক্ষতা, গোপনচুক্তি, আচরণ ও আক্রমন এবং অন্যকে প্রতারিত করিবার যে কোন উপায়, যাহার 'অপরাধ' ব্যতীত কোন যথার্থ বা সুনির্দিষ্ট নাম নাই।"

106. আইনের সুপ্রতিষ্ঠিত নীতি হলো যে, 'শঠতাপূর্ণ যে কোন কার্যক্রমই অশুদ্ধ ও অকার্যকর।'

উপরোক্তভাবে বিবেচনা করলে এ অভিমত ব্যক্ত করা যায় যে, জামায়াতে ইসলামী তর্কিত নিবন্ধনটি হাসিলের জন্য নির্বাচন কমিশনে প্রবঞ্চনা বা প্রতারণার (fraud on the Election Commission) আশ্রয় নিয়েছিল। অতএব, ঐ নিবন্ধনটি অশুদ্ধ ও অকার্যকর।

107. 'নির্বাচন কমিশনে জামায়াতে ইসলামী'র নিবন্ধনের বিষয়টি এখনও বিবেচনাধীন আছে; সুতরাং বর্তমান রুলটি অপরিপক্ক'-জনাব রাজ্জাকের এ বক্তব্য কতটুকু গ্রহণযোগ্য তা এখন বিচার-বিশ্লেষণ করবো।

108. গণপ্রতিনিধিত্ব আদেশ ১৯৭২ এর অনুচ্ছেদ ৯০ডি এর 'ব্যতিক্রম বিধানটি' বিশ্লেষণ করলে এটা অত্যন্ত সুস্পষ্ট যে, ঐ বিধানটি একটি অস্থায়ী বিধান (temporary statue), যা নির্দিষ্ট একটি সময় পর্যন্ত বলবৎযোগ্য ছিল। অর্থাৎ, কোন রাজনৈতিক দলকে সাময়িক গঠনতন্ত্রের ভিত্তিতে নিবন্ধন দেয়া হলে পরবর্তীতে উক্ত সাময়িক গঠনতন্ত্রটি নবম জাতীয় সংসদের প্রথম বৈঠকের বারো মাসের মধ্যে সংশ্লিষ্ট দলের সর্বোচ্চ নীতি নির্ধারণকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুসমর্থন (ratified) করে নির্বাচন কমিশনে দাখিলের বিধান রাখা হয়েছিল। বর্তমান নবম জাতীয় সংসদের প্রথম বৈঠকের (২৪-১-২০০৯) বারো মাস অর্থাৎ ২৫-১-২০১০ ইং তারিখের পর ঐ আইনের স্বাভাবিক মৃত্যু (natural death) ঘটেছে। নবম জাতীয় সংসদের প্রথম বৈঠকের বারো মাস অতিক্রান্ত হওয়ার পর ঐ আইনের আর কোন অস্তিত্ব নেই। এরূপ অবস্থায় নির্বাচন কমিশন কর্তৃক জামায়াতে ইসলামী'র সংশোধিত গঠনতন্ত্র জমা দানের জন্য বিগত ২৯-৪-২০১০-এর তাগিদ পত্র-১ (নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামার সংযুক্তি-১৭), ৪-১১-২০১২-এর তাগিদপত্র-২ (নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামার সংযুক্তি-২৪) প্রদান আইন ও ক্ষমতা বর্হিভূত কাজ ছিলো এবং ঐ তাগিদপত্র সমূহ প্রদান করে নির্বাচন কমিশন তার ক্ষমতা ও এখতিয়ার এর সীমা অতিক্রম করেছে। অনুরূপভাবে এ তাগিদপত্রের জবাবে জামায়াতে ইসলাম নির্বাচন কমিশনে গঠনতন্ত্র দাখিলের সময় বৃদ্ধির যে আবেদনসমূহ করেছিল (নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামার সংযুক্তি-১৯ ও ২৫) তারও কোন আইনগত ভিত্তি নেই। সর্বোপরি ২-১২-২০১২ তারিখে জামায়াতে ইসলামী কর্তৃক দাখিলকৃত কথিত সংশোধনকৃত গঠনতন্ত্রটি নির্বাচন কমিশন কর্তৃক গ্রহণও (নির্বাচন কমিশনের সম্পূরক হলফনামার সংযুক্তি-২৬) এখতিয়ার বহির্ভূত ছিল।

109. নবম জাতীয় সংসদের প্রথম বৈঠকের বারো মাস অতিক্রান্ত হওয়ার পর জামায়াতে ইসলামী'র নিবন্ধন সংক্রান্ত সব কার্যক্রমই বে-আইনী ও ক্ষমতা বহির্ভূত এবং সকল কার্যক্রম অশুদ্ধ (vitiated) হয়েছে। নির্বাচন কমিশনের মত একটি সাংবিধানিক প্রতিষ্ঠানের এ ধরনের বে-আইনী ও ক্ষমতা বহির্ভূত কার্যক্রম-কে অনুমোদন দেয়া যায় না।

110. জনাব রাজ্জাক দৃঢ়তার সাথে আমাদের ধারণা দিতে চেষ্টা করেন যে, গণপ্রতিনিধিত্ব আদেশ-এর অনুচ্ছেদ ৯০ডি-এ 'সময় সংক্রান্ত' যে বিধানটি ছিল তা আদেশমূলক (directory); বাধ্যতামূলক (mandatory) নয়। জনাব রাজ্জাকের এ বক্তব্য আদৌ গ্রহণযোগ্য নয়।

111. যখন একটি আইনে তার কার্যকারিতার মেয়াদ নির্দিষ্ট করা থাকে তখন সেই আইনটি অস্থায়ী আইন হিসেবে বিবেচিত হয় (temporary statute)। পরবর্তীতে উক্ত আইনের মেয়াদ বৃদ্ধি করা না হলে আইনে উল্লেখিত মেয়াদান্তে উক্ত আইনটি স্বয়ংক্রিয়ভাবে বিরত/ক্ষান্ত হয়ে পড়ে (ceases to have operation on the expiry of the period fixed by the legislation)। এ ক্ষেত্রে আইনের সুপ্রতিষ্ঠিত নীতি হলো যে, অস্থায়ী আইনের ভিত্তিতে গৃহীত/সূচিত কার্যক্রম যদি ঐ আইনে উল্লেখিত মেয়াদের মধ্যে সমাপ্ত না হয় তাহলে মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর বিবেচনাধীন/বিচারাধীন সকল কার্যক্রম 'ক্ষান্ত' হয়ে যাবে, যদি আইনে হেফাজত করণের (saving clause) বিধান না থাকে।

112. *Trust Mai Lachhmi Sialkot Bradari vs Amritsar Improvement Trust, AIR 1963 (SC), Page 976* মামলায় সিদ্ধান্ত হয়েছে যে,

> "As because Section 24 of the General Clauses Act is not applicable in case of temporary statute, any notification, appointment, order, scheme, rule, or by-law made or issued under a temporary statute comes to an end with the expiry of the statute and will not be continued even if the expired temporary statute is re-enacted."

113. সিনিয়র আইনজীবী ও সাবেক অ্যাটর্নী জেনারেল জনাব মাহমুদুল ইসলাম তাঁর সুলিখিত Interpretation of Statutes and Documents গ্রন্থে ভারতীয় সুপ্রীম কোর্টের বিভিন্ন মামলার নজীর উদ্ধৃত করে মন্তব্য করেছেন যে,

> "In the absence of any such saving provision displacing the normal rule, once the temporary statute expires, no right can be claimed nor any liability can be imposed under that statute and the position is as if the temporary

statute had not been passed at all." (পৃষ্ঠা-২৭৭)

114. S. *Krishnan vs State of Madras,* reported in *AIR 1951 (SC) 301*, মামলায় সিদ্ধান্ত হয়েছে যে,

"The general rule in regard to a temporary statute is that, in the absence of special provision to the contrary, proceedings which are being taken against a person under it will ipso facto terminate as soon as the statute expires."

115. উপরোক্ত নজীর সমূহ বিবেচনায় আমার নিঃসংকোচ অভিমত যে, জামায়াতে ইসলামী'র নিবন্ধন সংক্রান্ত সকল কার্যক্রম নবম জাতীয় সংসদের প্রথম বৈঠকের (নবম জাতীয় সংসদের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছিল ২৪-১-২০০৯) বারো মাস অতিক্রান্ত হওয়ার সঙ্গে সঙ্গেই অর্থাৎ ২৫-১-২০১০ইং তারিখের পর নির্বাচন কমিশনে বিবেচনাধীন থাকার দাবীর আইনগত কোন ভিত্তি নেই এবং ঐ তারিখের পর এ সংক্রান্ত সকল কার্যক্রমই বে-আইনী এবং ক্ষমতা বহির্ভূত ও অশুদ্ধ। বরং, নির্বাচন কমিশন নবম জাতীয় সংসদের প্রথম বৈঠকের বারো মাস অতিক্রান্ত হওয়ার পর গণপ্রতিনিধিত্ব আদেশ-এর অনুচ্ছেদ ৯০এইচ (এফ)-এর বিধান অনুযায়ী সাময়িক গঠনতন্ত্রের ভিত্তিতে জামায়াতে ইসলামীকে প্রদত্ত নিবন্ধনটি বাতিলের কার্যক্রম গ্রহণ না করে সাংবিধানিক ও আইনগত দায়িত্ব পালনে বিরত থেকে প্রতিনিয়তই সংবিধান ও আইন ভঙ্গ করে চলেছে; যা একটি সাংবিধানিক প্রতিষ্ঠানের কাছে কাম্য নয় এবং উক্ত নিষ্ক্রিয়তার বিষয়টি জ্ঞাত হয়ে সাংবিধানিক আদালত তার উপর অর্পিত দায়িত্ব পালনে বিরত থাকতে পারে না।

116. সুক্ষ্ম বিশ্লেষণে তো বটেই, সাধারণ পাঠেও এটা প্রতীয়মান যে, গণপ্রতিনিধিত্ব আদেশ-এর অনুচ্ছেদ ৯০ডি-এর ব্যতিক্রম বিধানে "ratified constitution" দাখিলের কথা উল্লেখ করা হয়েছিল। আইনের সুপ্রতিষ্ঠিত নীতি হলো যে, "আইনে উল্লেখিত শব্দ বা বাক্যকে সাধারণ ভাবেই অর্থ করতে হবে (the words be given their ordinary meaning)।" আইনের এই সুপ্রতিষ্ঠিত নীতির আলোকে আমরা 'ratify' এবং 'amendment' শব্দ দু'টির সাধারণ ও জনপ্রিয় অর্থ কি তা জানার চেষ্টা করবো।

117. বাংলা একাডেমি হতে প্রকাশিত English-Bangali অভিধান অনুযায়ী 'ratify' শব্দের অর্থ হলোঃ

'স্বাক্ষর দিয়ে (চুক্তি ইত্যাদি) দৃঢ়ভাবে অনুমোদন করা; অনুসমর্থন করা।'

অন্য দিকে 'amendment' শব্দের অর্থ হলোঃ উন্নতিসাধন; ভুল সংশোধন।

Concise Oxford Dictionary অনুযায়ী 'ratify' শব্দের অর্থ হলোঃ 'give formal consent to; make officially valid'

এবং

'amendment' শব্দের অর্থ হলোঃ 'a minor improvement'

The Chambers Dictionary অনুযায়ী 'ratify' শব্দের অর্থ হলোঃ

To approve a sanction; to give validity on legality to; to confirm the correctness of ratifier

এবং

'amendment' শব্দের অর্থ হলোঃ

Improvement; an alteration or addition to a document, agreement etc.

'Ratify; এবং 'amendment' শব্দ দুটির আভিধানিক অর্থ বিশ্লেষণে এটা অত্যন্ত সুস্পষ্ট যে শব্দ দুটির মধ্যে মৌলিক পার্থক্য বিদ্যমান।

118. নির্বাচন কমিশনের হলফনামার সংযুক্তি-১৭, ২৪-২৬ এবং ১-৩ নং প্রতিবাদী পক্ষের হলফনামাসমূহ পর্যালোচনায় প্রতীয়মান যে, নির্বাচন কমিশন এবং ১-৩ প্রতিবাদীগণ "গঠনতন্ত্রের সংশোধন বিষয়ে" পরস্পরের মধ্যে চিঠি আদান প্রদান করেছেন; কিন্তু গণপ্রতিনিধিত্ব আদেশ-এর অনুচ্ছেদ ৯০ডি-তে বা উক্ত আইনের অন্য কোথাও নির্বাচন কমিশনকে কোন রাজনৈতিক দলের গঠনতন্ত্র সংশোধন, পরিমার্জন বা সংযোজনের জন্য তাগিদপত্র প্রদানের মাধ্যমে 'অভিভাবক' বা 'পরামর্শ দাতার' ভূমিকা পালনের কোন ক্ষমতা ও এখ্‌তিয়ার প্রদান করা হয়নি। নির্বাচন কমিশনের কার্যক্রম হতে প্রতীয়মান যে, ঐ প্রতিষ্ঠানটি জামায়াতে ইসলামী'র গঠনতন্ত্রটি বছরের পর বছর কথিত সংশোধনের সুযোগ প্রদান অব্যাহত রেখে

আইন বহির্ভূত কাজ অব্যাহত রেখেছে; যা বে-আইনী। এ ধরনের কাজকে আইনের ভাষায় বলা হয়ে থাকে 'সংবিধি বা আইনের সাথে প্রতারণা (fraud on the statute)'। এ প্রসঙ্গে আইনের একটি সু-প্রতিষ্ঠিত নীতি উল্লেখ করা যেতে পারে যে, 'যা প্রত্যক্ষভাবে করা যায় না, তা পরোক্ষভাবেও করা যাবে না।'

119. এখানে আরো একটি বিষয় সম্পর্কে স্পষ্টভাবে উল্লেখ করা প্রয়োজন। ১-৩ নং প্রতিবাদী ও ৪ নং প্রতিবাদী গণ কর্তৃক দাখিলকৃত দলিলাদিসমূহ হতে এটা অত্যন্ত পরিষ্কার যে, যে সাময়িক গঠনতন্ত্রের ভিত্তিতে তর্কিত নিবন্ধনটি প্রদান করা হয়েছিল সেই গঠনতন্ত্রের বিভিন্ন ধারা বা বিধান স্পষ্টতঃই ছিল সংবিধানের সাথে সাংঘর্ষিক। সুতরাং, ঐ সাময়িক গঠনতন্ত্রটি যদি জামায়াতে ইসলামী'র সর্বোচ্চ নীতি নির্ধারণকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনুসমর্থনও (ratified) করা হতো তাহলেও ঐ নিবন্ধনের কোন আইনগত বৈধতা সৃষ্টি হতো না। কারণ, অবৈধ কোন কিছুকে অনুসমর্থন করলেই তা বৈধ হয়ে যায় না কিংবা যাবে না।

120. উপরোক্ত সার্বিক আলোচনান্তে আমার সুচিন্তিত অভিমত যে, জনাব রাজ্জাকের বক্তব্য 'জামায়াতের নিবন্ধনের বিষয়টি নির্বাচন কমিশনে এখনও বিবেচনাধীন আছে এবং সে কারণে 'রুলটি অপিরপক্ক এবং খারিজযোগ্য' ঐ বক্তব্যের কোন সারবত্তা বা উৎকর্ষতা (merit) নেই এবং তিনি তাঁর যুক্তির সমর্থনে যে সমস্ত নজীরসমূহ উপস্থাপন করেছেন, তা অত্র মামলার ক্ষেত্রে প্রযোজ্য নয়। অতএব, সার্বিক বিবেচনায় রুলটি রক্ষণীয় এবং নিরঙ্কুশযোগ্য (liable to be absolute)।

121. প্রাসঙ্গিকভাবে আলোচ্য বিষয়ে নির্বাচন কমিশনের বিজ্ঞ আইনজীবী জনাব মহসিন রশীদ এর বক্তব্য সমূহ বিবেচনা করা আবশ্যক। তিনি যুক্তি উপস্থাপনকালে অত্যন্ত জোরালো ভাবে নিবেদন করেন যে, জামায়াতে ইসলামীর দাখিলকৃত গঠনতন্ত্রটি নিবন্ধনকালীন সময়ে বিদ্যমান সংবিধানের কোন অংশেরই সাথে সাংঘর্ষিক ছিল না এবং সে কারণে কমিশন সন্তুষ্ট হয়ে নিবন্ধন প্রদান করেছিল এবং ঐ নিবন্ধন প্রদান করে কমিশন আইনের কোন বিধান লংঘন করেনি।

122. জনাব রশীদের উপরোক্ত বক্তব্যসমূহ আদালতকে বিস্মিত করেছে। কেননা, তাঁর ঐ বক্তব্যসমূহ কমিশন কর্তৃক দাখিলকৃত হলফনামা যুক্ত জবাব, হলফনামা যুক্ত সম্পূরক জবাব এবং সংযুক্ত দলিলাদির সম্পূর্ণ বিপরীতধর্মী বক্তব্য।

123. কমিশন কর্তৃক হলফনামা সহকারে লিখিত বক্তব্যের বিপরীতে তাঁর তৃতীয় কোন বক্তব্য বা যুক্তি উপস্থাপনের কোন সুযোগ আছে কিনা সে প্রশ্ন করা হলে তিনি সে প্রসঙ্গ এড়িয়ে তাঁর দেয়া বক্তব্যে অনঢ় থাকেন। এহেন পরিস্থিতিতে আদালত যদি জনাব রশীদের মৌখিক বক্তব্য গ্রহণ করে, যা কমিশনের হলফনামা যুক্ত বক্তব্যের সম্পূর্ণ বিপরীত, তা হলে আদালতকে এ সিদ্ধান্তে আসতে হবে যে, কমিশন আদালতে মিথ্যা হলফনামা ও আদালতকে বিভ্রান্ত করার জন্য অসত্য বক্তব্য ও তথ্য দিয়েছে; আর যদি কমিশনের হলফনামা যুক্ত বক্তব্য আদালত গ্রহণ করে এবং যা গ্রহণ করাই আইনসংগত, তা হলে আদালতকে বলতে হবে যে, জনাব রশীদ তাঁর মোয়াক্কেলের নির্দেশনা ব্যতিরেকে নিজস্ব বক্তব্য আদালতে উপস্থাপন করেছেন।

124. জনাব রশীদ তাঁর বক্তব্যে নিবন্ধনকালীন সময়ে বিদ্যমান সংবিধানের প্রস্তাবনার দ্বিতীয়, অনুচ্ছেদ-এর প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করে নিবেদন করেন যে, জামায়াতে ইসলামীর দাখিলকৃত গঠনতন্ত্র সংবিধানের প্রস্তাবনার সাথে সংগতিপূর্ণ ছিল।

125. ১৯৭২ সনে প্রণীত সংবিধানের প্রস্তাবনার দ্বিতীয় অনুচ্ছেদটি ছিল নিম্নরূপঃ

> "আমরা অঙ্গীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল- জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে;"

126. ১৯৭৫ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার পর সামরিক ফরমান বলে উক্ত অনুচ্ছেদ পরিবর্তন করে নিম্নরূপ করা হয়;

> "আমরা অঙ্গীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় স্বাধীনতার জন্য যুদ্ধে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল সর্বশক্তিমান আল্লাহর উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস, জাতীয়তাবাদ, গণতন্ত্র এবং সমাজতন্ত্র অর্থাৎ অর্থনৈতিক ও সামাজিক সুবিচারের সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে;"

127. এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সামরিক ফরমান বলে প্রস্তাবনার ঐ সংশোধনী সহ সংবিধানের বিভিন্ন সংশোধন, সংযোজন

ও পরিবর্তন পরবর্তীতে সংবিধানের কথিত ৫ম সংশোধনীর দ্বারা সংবিধানে সন্নিবেশিত করা হয়।

128. কিন্তু মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ Bangladesh Italian Marble Works Limited vs Government of Bangladesh and others মামলায় The Constitution (Fifth Amendment) Act, 1979 (Act 1 of 1979) কে বে-আইনী ও বাতিল ঘোষণা করেছে। অবশ্য এ রায়ে কিছু বিধান ও কাজ (actions) কে মার্জনা (condoned) করা হয়।

129. উক্ত রায়ে সংবিধানের প্রস্তাবনার দ্বিতীয় অনুচ্ছেদের যে সংশোধন সামরিক ফরমান বলে এবং পরবর্তীতে ৫ম সংশোধনীর মাধ্যমে সন্নিবেশিত করা হয়েছিল তা মার্জনা (condoned) করা হয়নি। সামরিক ফরমান বলে সংবিধানের যে সকল সংশোধন, বিয়োজন ও পরিবর্তন করা হয়েছিল তাকে এখতিয়ার বহির্ভূত (without jurisdiction) এবং 'আইনের দৃষ্টিতে কখনই এর অস্তিত্ব ছিলনা' (non-est in the eye of law) মর্মে ঘোষণা করা হয়।

130. হাইকোর্টের উক্ত রায় আপীল বিভাগ কর্তৃক বহাল রাখা হয়েছে। (খন্দকার দেলওয়ার হোসেন, সেক্রেটারী বিএনপি, পার্টি /মুন্সী আহসান কবির গং বনাম বাংলাদেশ ইটালিয়ান মার্বেল ওয়ার্কস লিঃ ঢাকা গং)।

131. আপীল বিভাগও সংবিধানের প্রস্তাবনার দ্বিতীয় অনুচ্ছেদের সংশোধন মার্জনা (condoned) করেনি। নথী দৃষ্টে প্রতীয়মান যে, জনাব রশীদ আপীল বিভাগে উক্ত মামলার একটি পক্ষের একজন আইনজীবী ছিলেন। উক্ত রায়ের বিষয়ে সম্যক জ্ঞাত থেকেও জনাব রশীদ যে "তৃতীয় বক্তব্যটি" আদালতে উপস্থাপন করেছেন তার আইনগত কোন ভিত্তি নেই এবং আইনতঃ গ্রহণীয় নয়। সর্বোচ্চ আদালত কর্তৃক যে বিষয়টিকে 'এখতিয়ার বর্হির্ভূত' এবং 'আইনের দৃষ্টিতে কখনই এর অস্তিত্ব ছিল না' (non-est in the eye of law) হিসেবে ঘোষণা করা হয়েছে তার উপর ভিত্তি করে কোন কার্য সম্পাদন করা হয়ে থাকলেও উক্ত কাজটিও বে-আইনী, ক্ষমতা বহির্ভূত ও অস্তিত্বহীন বটে এবং এর কোন কার্যকারিতা আইনগতভাবে থাকতে পারে না।

132. ১-৩ নং প্রতিবাদী পক্ষের বিজ্ঞ আইনজীবী জনাব আব্দুর রাজ্জাক ও ৪ নং প্রতিবাদী পক্ষের বিজ্ঞ আইনজীবী জনাব মহসিন রশীদ প্রায় একই সুরে আরেকটি বক্তব্য আদালতে উপস্থাপন করেন যে, যেহেতু সংবিধানে 'রাষ্ট্রধর্ম ইসলাম' সন্নিবেশিত আছে সেহেতু জামায়াতে ইসলামী'র গঠনতন্ত্রকে তার আলোকেই বিবেচনায় নিতে হবে।

133. জামায়াতে ইসলামী'র দাখিলকৃত গঠনতন্ত্রের বিষয়ে নির্বাচন কমিশনের বক্তব্য আমি ইতিপূর্বে আলোচনা করেছি এবং এর প্রকৃষ্ট জবাব কমিশনের হলফনামা যুক্ত জবাব ও সম্পূরক জবাবে স্পষ্টতঃই উল্লেখ আছে।

134. তবে প্রাসঙ্গিকভাবে সংবিধানে সন্নিবেশিত 'রাষ্ট্র ধর্মের' বিষয়টি আলোচনা করা যেতে পারে। অষ্টম সংশোধনীর মাধ্যমে সংবিধানের প্রথম ভাগ-এ 'অনুচ্ছেদ ২ক' সংযোজন করে প্রজাতন্ত্রের রাষ্ট্র ধর্ম 'ইসলাম' উল্লেখ করা হয়। অনুচ্ছেদ ২ক-টি ছিল নিম্নরূপঃ

> "প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে অন্যান্য ধর্মও প্রজাতন্ত্রে শান্তিতে পালন করা যাইবে।'

পরবর্তীতে পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে সংবিধানের অনুচ্ছেদ ২ক সংশোধনক্রমে নিম্নরূপ করা হয়েছেঃ

> "প্রজাতন্ত্রের রাষ্ট্র ধর্ম ইসলাম, তবে হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টানসহ অন্যান্য ধর্ম পালনে রাষ্ট্র সমমর্যাদা ও সম অধিকার নিশ্চিত করিবেন।

135. আমাদের সংবিধানের প্রস্তাবনায় ধর্মনিরপেক্ষতার আদর্শ কে সংবিধানের অন্যতম একটি মুলনীতি এবং বৈশিষ্ট্য হিসেবে উল্লেখ করা হয়েছে। সে বিবেচনায় এটা খুব সঙ্গত প্রশ্ন যে, অনুচ্ছেদ ২ক- এ উল্লেখিত রাষ্ট্র ধর্মের বিধানটি সংবিধানের প্রস্তাবনায় সাথে কতটুকু সামঞ্জস্যপূর্ন।

136. এ বিষয়ে জ্যেষ্ঠ আইনজীবী জনাব মাহমুদুল ইসলাম তাঁর লিখিত (Constitutional Law of Bangladesh, 3rd Edition, পৃষ্ঠা ৬৮-তে উল্লেখ করেছেন যে,

> "1. 75A Preamble and State religion: when 'secularism' remained excluded from the preamble because of amendment of the preamble by martial law proclamation (ratified by the Fifth Amendment), the Eighth Amendment of the Constitution incorporated art 2A to make Islam the State religion of Bangladesh. As secularism essentially means

that the State shall not give any special status to any particular religion art. 2A became inconsistent with the restoration of the original preamble together with the principle of secularism by the Fifteenth Amendment. To remove the obvious inconsistency, the Fifteenth Amendment reformulated art. 2A as follows;

The State religion of the Republic is Islam, but the State shall ensure equal status and equal right in the practice of the Hindu, Buddhist, Christian and other religions.

It is submitted that Islam being given the status of State religion, the consequent inconsistency is not removed by saying that the State shall ensure equal status and equal rights in the practice of the other religions."

137. আমাদের সংবিধানের 'প্রস্তাবনা' সম্পর্কে বিশদ আলোচনা, বিশ্লেষণ ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আপীল বিভাগ কর্তৃক দেয়া হয়েছে 'আনোয়ার হোসেন চৌধুরী গং বনাম বাংলাদেশ' মোকদ্দমায়, যা বহুল ভাবে পরিচিত ৮ম সংশোধনী সংক্রান্ত মামলা হিসেবে।

138. ঐ মামলায় বিচারপতি বদরুল হায়দার চৌধুরী আমাদের 'সংবিধানের প্রস্তাবনাকে' সংবিধানের অংশ হিসেবে এবং অপরিবর্তনীয় বলে অভিমত ব্যক্ত করেছেন। [৪১ ডি,এল,আর (এ ডি), পৃষ্ঠা ১৯৭, অনুচ্ছেদ-৫৩]

139. তিনি উক্ত রায়ে আরো অভিমত দিয়েছেন যে, জাতীয় সংসদ যেহেতু সংবিধান কর্তৃক সৃষ্ট সেহেতু জনগণের অভিপ্রায় হিসেবে গৃহীত সংবিধানের প্রস্তাবনা সংশোধনের কোন এখ্তিয়ার সংসদের নেই। [৪১ ডি,এল,আর (এডি), পৃষ্ঠা-২২০, অনুচ্ছেদ ২০৬-২০৭]

140. ঐ রায়ে বিচারপতি এম,এইচ, রহমান সংবিধানের প্রস্তাবনাকে সংবিধানের 'ধ্রবতারা' (pole star) হিসেবে উল্লেখ করে মন্তব্য করেছেন যে, সংবিধানের প্রস্তাবনা শুধুমাত্র সংবিধানের অংশই নয় বরং এটা একটি সুরক্ষিত বিধান (entrenched provision) এবং এটা সংশোধনের ক্ষমতা এককভাবে সংসদের নেই। ৪১ ডি,এল,আর (এডি) পৃষ্ঠা-২৭৪, অনুচ্ছেদ-৪৯৬।

141. উক্ত রায়ে আরো সিদ্ধান্ত দেয়া হয়েছে যে, সংবিধানের যে কোন সংশোধন সংবিধানের প্রস্তাবনার আলোকে বিশ্লেষণ বা পরীক্ষা করতে হবে। [৪১ ডি,এল,আর (এডি), পৃষ্ঠা-২৭২, অনুচ্ছেদ ৪৮৩ এবং পৃষ্ঠা-২৭৪, অনুচ্ছেদ ৪৯৬।

142. ঐ মামলায় রায়ে ৮ম সংশোধনীর মাধ্যমে সংবিধানের অনুচ্ছেদ ১০০-এর সংশোধনী, যার মাধ্যমে দেশের বিভিন্ন স্থানে হাইকোর্টের ৬(ছয়)টি স্থায়ী বেঞ্চ প্রতিষ্ঠা করা হয়েছিল, সংবিধানের প্রস্তাবনার অন্যতম মূলনীতি 'আইনের শাসনের' সাথে 'অ-আপোষযোগ্য' (irreconcilability) হওয়ায় উক্ত সংশোধনীটি বাতিল করা হয়েছিল। (৪১, ডি এল আর (এডি) পৃষ্ঠা-২৭৮, অনুচ্ছেদ ৫২৩)

143. ঐতিহাসিক ৫ম সংশোধনী সংক্রান্ত মামলার রায়ে বিচারপতি এ,বি, এম খায়রুল হক মন্তব্য করেছেন যে, "সামরিক ফরমান বলে সংবিধানের মূল বৈশিষ্ট্য (basic feature) পরিবর্তনের চেষ্টা বে-আইনী, অকার্যকর ও 'আইনের দৃষ্টিতে কখনই এর অস্তিত্ব (non-est) ছিল না। সামরিক ফরমান বলে ধর্মনিরপেক্ষ বাংলাদেশকে একটি ধর্মীয় রাষ্ট্রে (theoeratic State) রুপান্তর করা হয়েছে, যা শুধু সংবিধানের মূল (basic) ও মৌলিক (fundamental) বৈশিষ্ট্যকেই পরিবর্তন করেনি, বরং স্বাধীনতা সংগ্রামের সর্বোচ্চ একটি অঙ্গিকার (dominate cause) এর প্রতি বিশ্বাসঘাতকতা।" [বি এল ডি (বিশেষ সংখ্যা) ২০১০, পৃষ্ঠা -২৩৮]

144. আব্দুল মান্নান খান বনাম বাংলাদেশ মামলায় (যা ত্রয়োদশ সংশোধনী সংক্রান্ত মামলা হিসেবে পরিচিত) বিচারপতি এস,কে, সিন্‌হা আমাদের সংবিধানের প্রস্তাবনা সম্পর্কে অভিমত ব্যক্ত করেছেন যে, বিশ্বের অন্যান্য সংবিধানের প্রস্তাবনা হতে আমাদের সংবিধানের প্রস্তাবনা ব্যতিক্রম ধর্মী; কেননা ঐ প্রস্তাবনায় সমগ্র সংবিধানের দর্শন, লক্ষ্য-উদ্দেশ্য প্রতিফলিত এবং বিভিন্ন চারিত্রিক বৈশিষ্ট্য বা দিক সমূহ (qualitive aspects of the constitution) বর্ণিত হয়েছে, তা অর্জনের জন্য।

145. তিনি আরও মতামত ব্যক্ত করেছেন যে, বাংলাদেশের স্বাধীনতা অর্জন কোন স্বাভাবিক প্রক্রিয়ায় হয়নি; জনগণের ঐতিহাসিক সংগ্রামের মাধ্যমে তা অর্জিত হয়েছে। প্রস্তাবনার শুরু 'আমরা বাংলাদেশের জনগণ'; সুতরাং সংবিধানের প্রস্তাবনা এবং এর ভূমিকাকে (role) সংবিধিবদ্ধ কোন আইনের প্রস্তাবনার স্তরে নামানো (relegate) যাবে না। সংবিধানের প্রস্তাবনা সংরক্ষণ করতে হবে এবং তা পরিবর্তন করা যাবে না (must be pre-

served and cannot be altered.) {৬৪ ডি.এল.আর. (এডি) পৃষ্ঠা-৩৪০, অনুচ্ছেদ-১১৮১-১৮৮৩}

146. এখানে উল্লেখ করা খুবই প্রাসঙ্গিক হবে যে, ৫ম সংশোধনী সংক্রান্ত মামলায় হাইকোর্ট বিভাগ সামরিক ফরমান বলে সংশোধীত সংবিধানের অনুচ্ছেদ ৮ এবং ১২-এর বিধানসমূহ মার্জনা করতে অস্বীকৃতি জানিয়েছে অন্যান্য বিধানসমূহের সাথে। আপীল বিভাগ মার্জনার ক্ষেত্রে কিছুটা পরিবর্তন করলেও সংবিধানের ঐ অনুচ্ছেদ সমূহের সংশোধন 'মার্জনা না করা সংক্রান্ত হাইকোর্ট বিভাগের রায়ে' কোনরূপ হস্তক্ষেপ করেনি। অর্থাৎ ৫ম সংশোধনী মূলে সংবিধানের অনুচ্ছেদ ৮ এবং ১২-এর সংশোধন সম্পূর্ণ বে-আইনী, এখতিয়ার বহির্ভূত ও আইনের দৃষ্টিতে এর কোন অস্তিত্ব ছিল না (non-est)।

১৯৭২-এর মূল সংবিধানের অনুচ্ছেদ ৮ এবং ১২ ছিল নিম্নরূপঃ

অনুচ্ছেদ-৮ (মূলনীতিসমূহ)ঃ

"(১) জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতা-এই নীতিসমূহ এবং তৎসহ এই নীতিসমূহ হইতে উদ্ভূত এই ভাগে বর্ণিত অন্য সকল নীতি রাষ্ট্রপরিচালনার মূলনীতি বলিয়া পরিচিত হইবে।

(২) এই ভাগে বর্ণিত নীতিসমূহ বাংলাদেশ-পরিচালনার মূলসূত্র হইবে, আইনপ্রণয়কালে রাষ্ট্র তাহা প্রয়োগ করিবেন, এই সংবিধান ও বাংলাদেশের অন্যান্য আইনের ব্যাখ্যাদানের ক্ষেত্রে তাহা নির্দেশক হইবে এবং তাহা রাষ্ট্র ও নাগরিকদের কার্যের ভিত্তি হইবে, তবে এই সকল নীতি আদালতের মাধ্যমে বলবৎযোগ্য হইবে না।

147. অনুচ্ছেদ-১২ (ধর্ম'নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা)ঃ

ধর্মনিরপেক্ষতার নীতি বাস্তবায়নের জন্য

(ক) সর্বপ্রকার সাম্প্রদায়িতকতা,

(খ) রাষ্ট্র কর্তৃক কোন ধর্মকে রাজনৈতিক মর্যাদাদান,

(গ) রাজনৈতিক উদ্দেশ্যে ধর্মের অপব্যবহার,

(ঘ) কোন বেশেষ ধর্মপালনকারী ব্যক্তির প্রতি বৈষম্য বা তাঁহার উপর নিপীড়ন বিলোপ করা হইবে।

148. ৫ম সংশোধনী সংক্রান্ত রায় অনুযায়ী সংবিধানের ঐ অনুচ্ছেদ দু'টি উপরোক্তভাবে অর্থাৎ 'অনুচ্ছেদ ৮ ও ১২' ১৯৭২ সালের মূল সংবিধানে যেরূপ অবস্থায় ছিল তা সংবিধান থেকে কখনও বিলোপ হয়নি বলে বিবেচিত হবে এবং অনুচ্ছেদ দু'টি কখনও সংশোধিত হয়েছে বলেও গণ্য হবে না এবং ভবিষ্যতেও ঐ অনুচ্ছেদ দু'টি সংশোধনযোগ্য নয়।

149. আপীল বিভাগের উক্ত রায়সমূহের আলোকে সংবিধানের প্রস্তাবনার অন্যতম মূলনীতি 'ধর্মনিরপেক্ষতার নীতি' এবং সংবিধানের অনুচ্ছেদ ৮ এবং ১২-এর সাথে আমরা যদি সংবিধানের অনুচ্ছেদ '২ক' বিবেচনা ও বিশ্লেষণ করি তাহলে নিঃসংকোচে বলা যেতে পারে সংবিধানের ঐ অনুচ্ছেদ, বর্তমান (পঞ্চদশ সংশোধনী মূলে) এবং পূর্ববর্তী (অষ্টম সংশোধনী মূলে) যাই হোক না কেন, যেখানে 'রাষ্ট্র ধর্মের' বিধান সন্নিবেশিত করা হয়েছে তা সংবিধানের প্রস্তাবনার সাথে অ-সামঞ্জস্যপূর্ণ এবং অ-আপোষযোগ্য। একইভাবে ঐ বিধানটি সংবিধানের দ্বিতীয় ভাগে উল্লেখিত রাষ্ট্রপরিচালনার মূলনীতিসমূহ অর্থাৎ অনুচ্ছেদ ৮ ও ১২-এর সাথেও অসামঞ্জস্যপূর্ণ।

150. প্রসঙ্গক্রমে পবিত্র ইসলাম ধর্মের আলোকে 'রাষ্ট্র ধর্মের' বিষয়টি আলোকপাত করার একটি সুযোগ নিতে চাই। পবিত্র কুরআন শরীফ-এর মর্মমতে 'বিশ্ব ও সর্বজনীন ইসলাম ধর্মকে' মহান আল্লাহ কেয়ামত (পৃথিবী ধ্বংসের দিন) পর্যন্ত সারা বিশ্বের মানুষের জন্য জারী রেখেছেন। সুরা মায়িদা-৫ঃ আয়ত ৩-এ মহান আল্লাহ নিজেই ঘোষণা করেছেনঃ

"আজ আমি তোমাদের ধর্মকে (শান্তিদায়ক জীবন বিধানকে) পরিপূর্ণ করিলাম এবং তোমাদের উপর আমার নেয়ামত (অনুগ্রহ) সম্পূর্ণ করিলাম এবং তোমাদের জন্য ইসলামকেই একমাত্র (সত্য) ধর্ম বলিয়া মনোনীত করিলাম।"

এইরূপ বিশ্ব ও সর্বজনীন একটি ধর্মকে 'রাষ্ট্র ধর্ম করে' একটি রাষ্ট্রের গন্ডির মধ্যে আবদ্ধ করে রাষ্ট্রের অধীন করা হয়েছে।

151. আসমান-জমিন এবং এই দু'য়ের মধ্যবর্তী যা কিছু দৃশ্য-অদৃশ্যমান সকল কিছুরই সৃষ্টিকর্তা হলেন মহান আল্লাহ। সুরা কাফ (৫০)ঃ আয়াত ৩৮, সুরা ফুরকান (২৫)ঃ আয়াত ৫৯, সুরা ইউসুফ (১০)ঃ আয়াত ৩, সুরা বনি-ইসরাইল (১৭)ঃ আয়াত ৯৯, সুরা শুরা (৪২)ঃ আয়াত ১১, সুরা নাহল (১৬)ঃ আয়াত ৩-৮, ও সুরা ইয়াসিন (৩৬)ঃ আয়াত ৮১-৮৩ সহ পবিত্র কুরআন শরীফ-এর বিভিন্ন স্থানে এ বিষয়ে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। মহান আল্লাহ অন্যান্য কিছুর সাথে পৃথিবীও সৃষ্টি করেছেন; কিন্তু পৃথিবীতে রাষ্ট্র সৃষ্টি করেছে

মানুষ তাঁদের স্বীয় প্রয়োজনে। মহান আল্লাহর কাছে রাষ্ট্রের কোন জবাবদিহিতা নেই; কিন্তু মানুষকে তাঁর কাছে জবাবদিহি করতে হবে। এ বিষয়ে পবিত্র কুরআন শরীফে বর্ণিত হয়েছেঃ

"……এবং তোমাদের সকল কাজের জন্যে তোমাদেরকে অবশ্যই কৈফিয়ত দিতে হবে।" (সূরা নাহল-১৬ আয়াত ৯৩)

এবং

"যারা তাদের প্রতিপালককে সকালে ও সন্ধ্যায় তাঁর সন্তুষ্টি পাবার জন্যে ডাকে, তাদের তুমি তাড়িয়ে দিও না। তাদের কর্মের জবাবদিহির দায়িত্ব তোমার নয়, আর তোমার কোনো কর্মের জবাবদিহির দায়িত্ব তাদের নয় যে তুমি তাদের তাড়িয়ে দেবে, দিলে তুমি অত্যাচারীদের শামিল হবে।" (সূরা আল আনআম-৬ঃ আয়াত ৫২)

এবং

সূরা আল আনআম-এর আরেক স্থানে (আয়াত ৬৯) আল্লাহ বলেছেনঃ

"পরহেজগারগণ গুনাহগারদের বা অত্যাচারীদের কোনো কাজের জন্যে দায়ী নয়, তবে উপদেশ দেয়া তাদের কর্তব্য যাতে করে ওরাও সাবধান হতে পারে।"

এবং

"তুমি বল, আমাদের পাপের জন্যে তোমাদের জবাবদিহি করতে হবে না। আর তোমরা যা কর সে সম্পর্কে আমাদেরও জবাবদিহি করতে হবে না। তুমি বল আমাদের প্রভু আমাদেরকে একত্রে জমা করবেন, অতঃপর আমাদের মধ্যে ন্যায্যভাবে বিচার করবেন এবং তিনি মহাবিচারক, জ্ঞানময়।" (সূরা সাবা-৩৪ঃ আয়াত ২৫-২৬)

মহান আল্লাহ পবিত্র কুরআন-এ আরো উল্লেখ্য করেছেন যে, তিনি ইন্সান (মানুষ) কে তাঁর ইবাদতের জন্য সৃষ্টি করেছেন। সূরা যারিয়াত (৫১)ঃ আয়াত ৫৬]

152. সূরা বাকারাহ্-এ (আয়াত ১৭৭) মহান আল্লাহর বাণী হচ্ছেঃ "পূর্ব ও পশ্চিম দিকে তোমাদের মুখ ফেরানোতে কোন পুণ্য নেই' কিন্তু পুণ্যবান সে, যে আল্লাহ, কিয়ামত, ফিরিশতা, সকল কিতাব, এবং নবীগণের প্রতি ঈমান এনেছে; এবং আল্লাহর ভালবাসায় আত্মীয়, অনাথ, দরিদ্র, পথের কাঙ্গাল ও ভিক্ষুকদেরকে এবং গোলামের মুক্তিদানে (অর্থাৎ দাসত্ব মোচনে) ধন দান করেছে; এবং নামায কায়েম রেখেছে ও যাকাত আদায় করেছে; এবং যারা ওয়াদা করার পর সেটার খেলাপ করে না এবং দুঃখ, কষ্ট ও যুদ্ধের সময় ধৈর্য ধারণ করে। এ সকল লোকই খাঁটি, সত্যবাদী এবং এরা পরহেজগার।ঃ

153. মহান আল্লাহর উপরোক্ত বাণীসমূহ হতে এটা অত্যন্ত পরিষ্কার যে, তিনি মানুষকে তাঁর সন্তুষ্টি অর্জনের জন্য নামাজ কায়েম, যাকাত আদায়, রোজা ও হজ্জ পালনে, যা ইসলামের মূল ভিত্তি, এবং সমাজের অন্যান্য মানুষের প্রতি 'হক' আদায়ের আদেশ দিয়েছেন। রাষ্ট্রের জন্য নামাজ, রোজা, হজ্জ, যাকাত কোনটিই পালনীয় নয়। বেহেশত-দোযখ মানুষের পুরস্কার ও শাস্তি হিসেবে শেষ বিচারে মহান আল্লাহ কর্তৃক নির্ধারিত হবে। রাষ্ট্রের জন্য কোন ইবাদত নেই; বিচারও নেই। রাষ্ট্র বেহেশতেও যাবে না, দোযখেও যাবে না; যাবে মানুষ। রাষ্ট্র প্রধান কিংবা সরকার প্রধান অথবা কোন দলীয় প্রধান বা আমীর শেষ বিচারের দিন রাষ্ট্রের কোন নাগরিক বা দলীয় অনুসারী কাউকেই বেহেশ্‌তে নেয়ার জন্য মহান আল্লাহর নিকট সুপারিশ করার ক্ষমতা রাখেন না, সে ক্ষমতা একমাত্র রাখেন সর্বশেষ নবী মুহাম্মাদুর রাসূল্লাহ (সাঃ)।

154. ধর্ম ব্যক্তির জন্য, যাতে করে তাঁর ইহলৌকিক ও পারলৌকিক কল্যাণ সাধিত হয়। কিন্তু রাষ্ট্রের লক্ষ্য হলো সকল নাগরিকের ইহলৌকিক কল্যাণ সাধন; রাষ্ট্রের পরকালে কোন ভূমিকা বা করণীয় কিছু নেই। রাষ্ট্রের দায়িত্ব হলো সকল নাগরিকের ধর্মীয় অধিকারসহ সকল মৌলিক অধিকার সমূহ নিশ্চিত করা। নিজ নিজ ধর্ম পালনে সকল ধর্মের মানুষকে সমান সুযোগ ও নিরাপত্তা প্রদান করা। রাষ্ট্রের দায়িত্ব শুধু মসজিদ রক্ষা করা নয়; বরং মন্দির, গির্জা, প্যাগোডা সহ সকল ধর্মের উপাসনালয়ের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা। রাষ্ট্র যেহেতু ধর্ম পালন করতে পারেনা, তাহলে রাষ্ট্রের আদৌ কি কোন সুনির্দিষ্ট ধর্মের প্রয়োজন আছে?

155. বাংলাদেশের জনগণ তাঁদের দীর্ঘ অভিজ্ঞতা দিয়ে উপলব্ধি করেছে যে, কি ভাবে পবিত্র ধর্ম ইসলামকে বর্ম বা ঢাল হিসেবে ব্যবহার করে তথা অপব্যবহার করে বাঙালী জাতির বাংলা ভাষায় অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে, ৫৪-এর নির্বাচনে, ৬২-এর ছাত্র সমাজের শিক্ষার অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে, ৬৬-এর ছয় দফা দাবী আদায়ে তথা বাঙালীর স্বাধীকার ও স্বায়ত্তশাসনের আন্দোলনে, ৬৯-এর ছাত্র-জনতার অসহযোগ আন্দোলনে, বাঙালী'র সাহিত্য, সংস্কৃতি-কৃষ্টিচর্চা ও বিকাশে এবং সর্বোপরি বাঙালী জাতীয়তাবাদের

ভিত্তিতে একটি গণতান্ত্রিক, অসাম্প্রদায়িক বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠার রক্তস্নাত মহান স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধ-কে বাধাগ্রস্থ করার চেষ্টা করা হয়েছিল। আর সে অভিজ্ঞতা থেকেই সংবিধানের প্রস্তাবনার দ্বিতীয় অনুচ্ছেদে, বাংলাদেশের জনগণের অঙ্গীকার ব্যক্ত করেছেঃ

"আমরা অঙ্গীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল- জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে;"

156. এবং উক্ত প্রস্তাবনায় বাংলাদেশের জনগণ দৃঢ়ভাবে ঘোষণা করেছেঃ

"....., সেই জন্য বাংলাদেশের জনগণের অভিপ্রায়ের অভিব্যক্তি স্বরূপ এই সংবিধানের প্রাধান্য অক্ষুন্ন রাখা এবং ইহার রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান আমাদের পবিত্র কর্তব্য।"

157. আমরা এই সাংবিধানিক আদালতের বিচারকবৃন্দও শপথবদ্ধ যে,

"বাংলাদেশের সংবিধান ও আইনের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করিব।"

১৫৮. শুধু নির্বাচন কমিশন নয় বাংলাদেশ রাষ্ট্রের সকল কর্তৃপক্ষকে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অবশ্যই সংবিধানের প্রস্তাবনাকে সর্বোচ্চ বিবেচনায় নিতে হবে, অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান ও আইনের পাশাপাশি। অধিকন্তু, সকল কর্তৃপক্ষকে স্মরণ রাখতে হবে যে, সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক ঘোষিত আইন এবং সিদ্ধান্ত সকল কর্তৃপক্ষের উপর বাধ্যকর এবং সকল কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টকে সহায়তা প্রদানে বাধ্য। এমনকি আইন সভাকেও সংবিধান সংশোধন কিংবা নতুন আইন প্রণয়নের ক্ষেত্রে সংবিধানের প্রস্তাবনা এবং সংবিধানের দ্বিতীয় ভাগে বর্ণিত রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহকে সর্বোচ্চ প্রাধান্য, গুরুত্ব ও বিবেচনায় নিতে হবে।

159. ত্রয়োদশ সংশোধনী সংক্রান্ত মামলায় প্রধান বিচারপতি এ,বি,এম, খায়রুল হক মতামত ব্যক্ত করেছেন যে,

"জাতীয় সংসদ যে কোন সংশোধনী করিতে পারিলেও সংশোধনীর শর্ত ভঙ্গ বা basic structure এর সহিত সাংঘর্ষিক কোন সংশোধন আইন জাতীয় সংসদ করিতে পারে না।" [৬৪ ডি এর আর (এডি) পৃষ্ঠা ৩০৪, অনুচ্ছেদ ৪৯১।]

160. তিনি ঐ মামলায় আরো মত প্রকাশ করেছেন যে,

"গণতন্ত্র, সমাজতন্ত্র, জাতীয়তাবাদি, ধর্মনিরপেক্ষতা ইত্যাদি নীতি ও আদর্শসমূহ সংবিধানের সহিত সাংশ্রয়িক ও বিন্যাসিত। এই আদর্শগুলিই সংবিধানকে প্রকৃতভাবে জনমানুষের নিজস্ব সম্পদ হিসেবে প্রকাশ করে। ইহা সাংবিধানিক আইনের অংশও বটে। এইগুলি সংসদের সংশোধনী ক্ষমতা বহির্ভূত।" [৬৪ ডি এল আর (এডি) পৃষ্ঠাঃ ৩০৫ অনুচ্ছেদ ৮৯৯।

161. ঐ রায়ের সারমর্ম অংশে প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক আরো উল্লেখ করেছেন যে,

"(৮) সংবিধানের ১৪২ অনুচ্ছেদের অধীনে জাতীয় সংসদ সংবিধানের যে কোন সংশোধন করিতে ক্ষমতাপ্রাপ্ত কিন্তু রাষ্ট্রের মূল ভিত্তি ও সংবিধানের Basic structure ক্ষুন্ন বা খর্ব বা সংশোধন করিতে পারে না।" (পৃষ্ঠাঃ ৩৩০, অনুচ্ছেদ-১১৪৪)

162. উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে আমার দ্ব্যর্থহীন অভিমত যে, জনাব রাজ্জাক ও জনাব রশীদ সংবিধানের 'রাষ্ট্র ধর্ম ইসলাম' উল্লেখ থাকার কারণে জামায়াতে ইসলামীকে প্রদত্ত নিবন্ধনটি আইনানুগ হয়েছে মর্মে একই স্বরে যে যুক্তি উপস্থাপন করেছেন তা অগ্রহণযোগ্য ও ভ্রান্ত ধারণার (misconceived) ফল।

163. জনাব রাজ্জাক রীট আবেদনকারীগণের রীট দরখাস্ত দাখিলের আইনগত অধিকার (locus standi) নেই উল্লেখ পূর্বক নিবেদন করেন যে, দরখাস্তকারীগণ অসৎ উদ্দেশ্যে এবং অ-পরিচ্ছন্ন মন নিয়ে এই রীট মোকদ্দমাটি দায়ের করেছে; অতএব রুলটি খারিজযোগ্য। দরখাস্তকারীগণের রীট দরখাস্তটি দাখিলের আইনগত অধিকারের বিষয়টি বিচারপতি কাজী রেজা-উল হক বিস্তারিত আলোচনা করেছেন। আমি তাঁর মতামতের সঙ্গে যোগ করে বলতে চাই যে, ইতিপূর্বে আমি অভিমত ব্যক্ত করেছি যে, 'কৌশল' ও 'শঠতার আশ্রয়ে তর্কিত নিবন্ধনটি হাসিল করা হয়েছে। আদালতের সামনে "শঠতা'র বিষয়টি উপস্থাপিত হলে কে বিষয়টি আদালতের নজরে নিয়ে এলো-তা গুরুত্বহীন হয়ে পড়ে; তখন প্রাধান্য পায় 'শঠতা বা প্রতারণা'র বিষয়টি। আদালত যদি মনে করে কোন ব্যক্তি বা কর্তৃপক্ষ 'শঠতার আশ্রয়ে' কোন কিছু অর্জন করেছেন তাহলে আদালত স্বীয় ক্ষমতা বলেও হস্তক্ষেপ করতে পারেন। কারণ, 'শঠতা' বা 'প্রতারণা' সকল কার্যক্রমকে অশুদ্ধ ও অকার্যকর করে।

164. ত্রয়োদশ সংশোধনী সংক্রান্ত মামলায় (আব্দুল মান্নান খান বনাম বাংলাদেশ) বৈচারিক পুনর্বিবেচনা (judicial review) বিষয়ে আলোচনা ও বিশ্লেষণ করতে গিয়ে প্রধান বিচারপতি এ.বি.এম খায়রুল হক 'আসমা জিলানী বনাম পাঞ্জাব প্রাদেশিক সরকার', রাষ্ট্র বনাম জিয়া-উর-রহমান' এবং 'সিন্ধ হাইকোর্ট বার এসোসিয়েশন বনাব ফেডারেশন অফ্ পাকিস্তান' মোকদ্দমাসমূহ সহ বিশ্বের বিভিন্ন দেশের নজিরসমূহ বিবেচনায় নিয়ে মন্তব্য করেছেনঃ

> "উল্লেখ্য, সংক্ষুব্ধ ব্যক্তি বা তাহার পক্ষে যদি সঠিক আইনের প্রশ্ন উত্থাপন করা সম্ভব নাও হয় তবুও উত্থাপিত ঘটনাবলীর উপর সঠিক আইন আলোচনা ও তাহা প্রয়োগ করা বিচারকের দায়িত্ব ও কর্তব্য। তাহা করিতে যাইয়া যদি কোন আইনের বৈধতার প্রশ্ন উত্থাপিত হয় তবে তাহা এড়াইয়া না যাইয়া উভয় পক্ষকে সেই প্রশ্ন সম্বন্ধে ওয়াকিবহাল করতঃ আইনের প্রশ্নটি নিরসন করা বাঞ্ছনীয়। এই পদ্ধতি যুক্তরাষ্ট্র ও ভারতীয় সুপ্রীম কোর্ট অনুসরণ করিয়া থাকে। যুক্তরাজ্যে এমনকি একটি মোকদ্দমায় একটি বিল আইনে পরিণত হইবার পূর্বেই আদালত তাহার বৈধতা বিবেচনা করে।" (৬৪ ডি,এল,আর, পৃষ্ঠা ২৪৭, অনুচ্ছেদ ৫৭৩)
>
> তিনি আরো মন্তব্য করেছেন যে, "এই প্রেক্ষাপটে সংসদ কর্তৃক বিধিবদ্ধ আইন ও নির্বাহী কর্তৃপক্ষের যে কোন পদক্ষেপ যদি সংবিধানের অসামঞ্জস্যপূর্ণ হয় সেই আইন বা আদেশ বা পদক্ষেপ সুপ্রীম কোর্ট ইহার judicial review এর ক্ষমতাবলে বাতিল বা ultra ঘোষণা করিতে পারে। judicial review এর ক্ষমতা যুক্তরাষ্ট্র ও ভারতের সুপ্রীম কোর্টের ন্যায় বাংলাদেশের সুপ্রীম কোর্টেও বিদ্যমান রহিয়াছে।" (৬৪ ডি,এল,আর, পৃষ্ঠা-২৫৭, অনুচ্ছেদ ৬১৫)
>
> এবং
>
> "বাস্তব সমস্যার কারণে নির্বাহী বিভাগকেও হয়তো বিভিন্ন সিদ্ধান্ত লইতে হয় কিন্তু তাহার আইন বিশ্লেষণ করিবার দায়িত্ব বিচার বিভাগের। সেই দায়িত্ব ও কর্তব্য সংবিধান সুপ্রীমকোর্ট তথা সামগ্রিকভাবে বিচার বিভাগের উপর অর্পণ করিয়াছে। কোন বিচারক তাহার অর্পিত উক্তরূপ দায়িত্ব বা কর্তব্য পালন করিতে ব্যর্থ হইলে তিনি সংবিধান ও আইন ভঙ্গ করিবেন।" (৬৪ ডি,এল,আর, পৃষ্ঠাঃ- ২২৪ অনুচ্ছেদ ৪৫১)

165. আসমা জিলানী বনাম গভর্মেন্ট অফ পাঞ্জাব, পি,এল,ডি ১৯৭২ (এস,সি) ১৩৯ মোকাদ্দমায় (পৃষ্ঠা-১৯৭) পাকিস্তানের প্রধান বিচারপতি হামুদুর রহমান মন্তব্য করেছেন যে,

> "The provision, as very appropriately pointed out by Mr Brohi, strikes at the very root of the judicial power of the Court to hear and determine a matter, even though it may relate to its own jurisdiction. The Courts undoubtedly have the power to hear and determine any matter or controversy which is brought before them, even if it be to decide whether they have the jurisdiction to determine such a matter or not. The superior Courts are, as is now well settled, the Judges of their own jurisdiction. This is a right which has consistently been claimed by this and other Courts of superior jurisdiction in all civilized countries."

166. প্রধান বিচারপতি হামুদুর রহমান রাষ্ট্র বনাম জিয়া-উর-রহমান পি,এল,ডি ১৯৭৩ (এস,সি) পৃষ্ঠা-৪৯ মোকদ্দমায় সুপ্রীম কোর্টের এখ্তিয়ার সম্পর্কে মন্তব্য করেছেন যে,

> "This is a right which it acquires not dehors the Constitution but by virtue of the fact that it is a superior Court set up by the Constitution itself. It is not necessary for this purpose to invoke any divine or super-natural right but this judicial power is inherent in the Court itself. It flows from the fact that it is a Constitutional Court and it can only be taken away by abolishing the Court itself".

167. সিন্ধ হাইকোর্ট বার এসোসিয়েশন বনাম ফেডারেশন অফ পাকিস্তান, পি.এল,ডি ২০০৯ (এস,সি) ৮৭৯ মোকদ্দমায় পাকিস্তান-এর প্রধান বিচারপতি ইফতিখার মুহাম্মদ চৌধুরী অভিমত ব্যক্ত করেছেন (পৃষ্ঠা-১১৮০)-

> "169... it is the clear that the power of judicial review is a cardinal principle of the Constitution. The Judges, to keep the power of judicial review strictly, judicial in its exercise, do take care not to intrude upon domain of the other branches of the Government. It is the duty of the judiciary to determine the legality of executive action and the validity of

The

Dhaka Law Reports

Vol. LXVI
2014

Bangladesh Statutes

Published in Bangladesh Gazette Extra-ordinary
Dated 21th June, 2012

Act No. 22 of 2012

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা ৯ মে, ২০১২ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ২ এর সংশোধন।**—অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর দফা (ট) তে দুইবার উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৩। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ৬ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৬ তে দুইবার উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ৭ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৭ এ তিনবার উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৫। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ৯ এর সংশোধন।**—উক্ত আইন এর ধারা ৯ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "১৫০ (একশত পঞ্চাশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৩০০ (তিনশত)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ৯ক এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ৯ক এর উপ-ধারা (১) এ উল্লিখিত "৯০ (নব্বই)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "১২০ (একশত বিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১০ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১০ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "৯০ (নব্বই)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "১২০ (একশত বিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। ২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১২ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১২ তে উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকা" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৯। ২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৩ এর—

(ক) উপান্তটীকায় উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (১) এ দুইবার উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকা" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) উপ-ধারা (২) তে উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকা" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১০। ২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১৪ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৪ এর উপান্তটীকায় উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

১১। ২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১৫ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৫ এর—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকা" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-ধারা (৪) এ উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকায়" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকায়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১২। ২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৭ এর—

(ক) দফা (খ) তে উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকায়" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকায়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) দফা (গ) তে উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকায়" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকায়" শব্দগুলি প্রতিস্থাপত হইবে।

.....

Published in Bangladesh Gazette Extra-ordinary
Dated 21th June, 2012

Act No. 23 of 2012

প্রতিযোগিতা আইন প্রণয়নের লক্ষ্যে প্রণীত আইন

যেহেতু দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করিবার, নিশ্চিত ও বজায় রাখিবার উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলক যোগসাজশ (Collusion) মনোপলি (Monopoly) ও ওলিগপলি (Oligopoly) অবস্থা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূলের লক্ষ্যে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন প্রতিযোগিতা আাইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) "অধিগ্রহণ (Acquisition)" অর্থ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যবসা প্রতিষ্ঠানের শেয়ার, ভোট প্রদানের অধিকার বা সম্পদ অধিগ্রহণ বা অধিগ্রহণের জন্য সম্মত হওয়া বা সম্পদ বা ব্যবস্থাপনার নিয়ন্ত্রণ গ্রহণ করা;

(খ) "অনুশীলন (Practice)" অর্থ কোন ব্যক্তি বা ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে অনুসৃত প্রচলিত রীতি;

(গ) "ওলিগপলি (Oligopoly)" অর্থ কিছু সংখ্যক ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন পণ্য বা সেবার বাজার নিয়ন্ত্রণ করে এমন কোন অবস্থা;

(ঘ) "কমিশন" অর্থ ধারা ৫ এর উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;

(ঙ) "কার্টেল (Cartel)" অর্থ কোন ব্যক্তি বা

ব্যক্তিগোষ্ঠীর প্রকাশ্য বা প্রচ্ছন্ন চুক্তির মাধ্যমে কোন পণ্য বা সেবার বাজারে একচেটিয়া ব্যবসা প্রতিষ্ঠার জন্য পণ্যের উৎপাদন, পরিবেশন, বিক্রয়, মূল্য বা লেনদেন অথবা কোন প্রকার সেবা সীমিতকরণ, নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা বা নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করা;

(চ) "চেয়ারপার্সন" অর্থ কমিশনের চেয়ারপার্সন;

(ছ) "চুক্তি" অর্থ—

(অ) Contract Act, 1872 (Act IX of 1872) এর section 2(h) এ সংজ্ঞায়িত "Contract";

(আ) কোন পণ্য বা সেবার ক্রয়-বিক্রয়, উৎপাদন, সরবরাহ, বিতরণ, নিয়ন্ত্রণ বা, ক্ষেত্রমত, পণ্যের গুদামজাতকরণ বিষয়ে সমঝোতা বা ঐকমত্য, আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক, লিখিত বা অলিখিত, প্রকাশ্য বা প্রচ্ছন্ন, যাহাই হউক না কেন, এবং উহা আইনি প্রক্রিয়ায় বলবৎযোগ্য হউক বা না হউক, এবং নিম্নলিখিত বিষয়ও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা—

(১) শর্তযুক্ত ব্যবস্থা (Tie-in-arrangement);

(২) একচ্ছত্র (Exclusive) সরবরাহ চুক্তি;

(৩) একচ্ছত্র (Exclusive) পরিবেশন চুক্তি;

(৪) লেনদেনে অস্বীকার;

(৫) পুনঃবিক্রয় মূল্য সংরক্ষণ;

(জ) "জোটবদ্ধতা (Combination)" অর্থ ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে অধিগ্রহণ (Acquisition) বা নিয়ন্ত্রণ গ্রহণ করা বা অংগীভূত বা একীভূত হওয়া (Merger);

(ঝ) "পণ্য (Goods)" অর্থ Sale of Goods Act, 1930 (Act III of 1930) এর section 2(7) এ সংজ্ঞায়িত "goods";

(ঞ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ট) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঠ) "ব্যক্তি" অর্থ কোন ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানী, সমিতি, অংশীদারী কারবার, ফার্ম বা সংবিধিবদ্ধ বা অন্য কোন সংস্থা বা উহাদের প্রতিনিধিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ড) "ব্যবসা-প্রতিষ্ঠান" অর্থ এমন ব্যক্তি বা অর্থনৈতিক সত্ত্বা বা সরকারের এমন কোন বিভাগ যিনি বা যাহার যে কোন প্রকারের পণ্যের উৎপাদন, গুদামজাতকরণ, সরবরাহ, পরিবেশন, অধিগ্রহণ বা নিয়ন্ত্রণ বা সেবার সংস্থান সংক্রান্ত কোন কার্যক্রমে অথবা বিনিয়োগ বা ব্যবসা অর্জন, ধারণ, দায়গ্রহণ বা শেয়ার, ডিবেঞ্চার এবং অন্য কোন বিধিবদ্ধ সংস্থার জামানত সংক্রান্ত লেনদেনসহ অন্যান্য কার্যক্রমে সরাসরি অথবা এক বা একাধিক ইউনিটে বা বিভাগে বা অধীনস্থ (sub-sidiary) হিসাবে, নিয়োজিত ছিলেন বা আছেন, এইরূপ ইউনিট, বিভাগ বা অধীনস্থতা যেই স্থানে ব্যবসা প্রতিষ্ঠান অবস্থিত সেই স্থানে হউক বা ভিন্ন স্থানে হউক তাহাকে বুঝাইবে; তবে সরকারের মুদ্রা ও প্রতিরক্ষার সহিত সংশ্লিষ্ট এমন কোন কার্যক্রম এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে না;

(ঢ) "ব্যবসা-বাণিজ্য (Trade)" অর্থ পণ্যের উৎপাদন, সরবরাহ, পরিবেশন, গুদামজাতকরণ বা নিয়ন্ত্রণ সংক্রান্ত লেনদেন, ব্যবসা, শিল্প, পেশা বা বৃত্তি; এবং কোন সেবার সংস্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ণ) "মনোপলি (Monopoly)" অর্থ মাত্র একজন ব্যক্তি বা একটি প্রতিষ্ঠান কোন পণ্য বা সেবার বাজার নিয়ন্ত্রণ করে এমন কোন অবস্থা;

(ত) "মূল্য" অর্থ কোন পণ্য বিক্রয় কিংবা কোন সেবা প্রদানের ক্ষেত্রে মূল্যবান বিনিময় (valuable exchange), প্রত্যক্ষ বা পরোক্ষ বা বিলম্বিত হউক বা না হউক, এবং এমন বিনিময়ও ইহার অন্তর্ভুক্ত হইবে যাহা কার্যতঃ কোন পণ্য বিক্রয় কিংবা সেবা প্রদানের সহিত সম্পৃক্ত কিন্তু দৃশ্যতঃ অন্য কোন বিষয় বা ঘটনার সহিত সংশ্লিষ্ট;

(থ) "ষড়যন্ত্রমূলক যোগসাজশ (Collusion)" অর্থ সুস্থ ও স্বাভাবিক প্রতিযোগিতার পরিবেশ বিনষ্ট করে বাজারকে নিয়ন্ত্রণ করার অসৎ উদ্দেশ্যে সম্পাদিত লিখিত অথবা অলিখিত চুক্তি বা সমঝোতা;

(দ) "সদস্য" অর্থ কমিশনের সদস্য;

ধ) "সংশ্লিষ্ট বাজার" অর্থ—

ব্যক্তিগোষ্ঠীর প্রকাশ্য বা প্রচ্ছন্ন চুক্তির মাধ্যমে কোন পণ্য বা সেবার বাজারে একচেটিয়া ব্যবসা প্রতিষ্ঠার জন্য পণ্যের উৎপাদন, পরিবেশন, বিক্রয়, মূল্য বা লেনদেন অথবা কোন প্রকার সেবা সীমিতকরণ, নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা বা নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করা;

(চ) "চেয়ারপার্সন" অর্থ কমিশনের চেয়ারপার্সন;

(ছ) "চুক্তি" অর্থ—

(অ) Contract Act, 1872 (Act IX of 1872) এর section 2(h) এ সংজ্ঞায়িত "Contract";

(আ) কোন পণ্য বা সেবার ক্রয়-বিক্রয়, উৎপাদন, সরবরাহ, বিতরণ, নিয়ন্ত্রণ বা, ক্ষেত্রমত, পণ্যের গুদামজাতকরণ বিষয়ে সমঝোতা বা ঐকমত্য, আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক, লিখিত বা অলিখিত, প্রকাশ্য বা প্রচ্ছন্ন, যাহাই হউক না কেন, এবং উহা আইনি প্রক্রিয়ায় বলবৎযোগ্য হউক বা না হউক, এবং নিম্নলিখিত বিষয়ও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা—

(১) শর্তযুক্ত ব্যবস্থা (Tie-in-arrangement);

(২) একচ্ছত্র (Exclusive) সরবরাহ চুক্তি;

(৩) একচ্ছত্র (Exclusive) পরিবেশন চুক্তি;

(৪) লেনদেনে অস্বীকার;

(৫) পুনঃবিক্রয় মূল্য সংরক্ষণ;

(জ) "জোটবদ্ধতা (Combination)" অর্থ ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে অধিগ্রহণ (Acquisition) বা নিয়ন্ত্রণ গ্রহণ করা বা অংগীভূত বা একীভূত হওয়া (Merger);

(ঝ) "পণ্য (Goods)" অর্থ Sale of Goods Act, 1930 (Act III of 1930) এর section 2(7) এ সংজ্ঞায়িত "goods";

(ঞ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ট) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঠ) "ব্যক্তি" অর্থ কোন ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানী, সমিতি, অংশীদারী কারবার, ফার্ম বা সংবিধিবদ্ধ বা অন্য কোন সংস্থা বা উহাদের প্রতিনিধিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ড) "ব্যবসা-প্রতিষ্ঠান" অর্থ এমন ব্যক্তি বা অর্থনৈতিক সত্ত্বা বা সরকারের এমন কোন বিভাগ যিনি বা যাহার যে কোন প্রকারের পণ্যের উৎপাদন, গুদামজাতকরণ, সরবরাহ, পরিবেশন, অধিগ্রহণ বা নিয়ন্ত্রণ বা সেবার সংস্থান সংক্রান্ত কোন কার্যক্রমে অথবা বিনিয়োগ বা ব্যবসা অর্জন, ধারণ, দায়গ্রহণ বা শেয়ার, ডিবেঞ্চার এবং অন্য কোন বিধিবদ্ধ সংস্থার জামানত সংক্রান্ত লেনদেনসহ অন্যান্য কার্যক্রমে সরাসরি অথবা এক বা একাধিক ইউনিটে বা বিভাগে বা অধীনস্থ (subsidiary) হিসাবে, নিয়োজিত ছিলেন বা আছেন, এইরূপ ইউনিট, বিভাগ বা অধীনস্থতা যেই স্থানে ব্যবসা প্রতিষ্ঠান অবস্থিত সেই স্থানে হউক বা ভিন্ন স্থানে হউক তাহাকে বুঝাইবে; তবে সরকারের মুদ্রা ও প্রতিরক্ষার সহিত সংশ্লিষ্ট এমন কোন কার্যক্রম এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে না;

(ঢ) "ব্যবসা-বাণিজ্য (Trade)" অর্থ পণ্যের উৎপাদন, সরবরাহ, পরিবেশন, গুদামজাতকরণ বা নিয়ন্ত্রণ সংক্রান্ত লেনদেন, ব্যবসা, শিল্প, পেশা বা বৃত্তি; এবং কোন সেবার সংস্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ণ) "মনোপলি (Monopoly)" অর্থ মাত্র একজন ব্যক্তি বা একটি প্রতিষ্ঠান কোন পণ্য বা সেবার বাজার নিয়ন্ত্রণ করে এমন কোন অবস্থা;

(ত) "মূল্য" অর্থ কোন পণ্য বিক্রয় কিংবা কোন সেবা প্রদানের ক্ষেত্রে মূল্যবান বিনিময় (valuable exchange), প্রত্যক্ষ বা পরোক্ষ বা বিলম্বিত হউক বা না হউক, এবং এমন বিনিময়ও ইহার অন্তর্ভুক্ত হইবে যাহা কার্যতঃ কোন পণ্য বিক্রয় কিংবা সেবা প্রদানের সহিত সম্পৃক্ত কিন্তু দৃশ্যতঃ অন্য কোন বিষয় বা ঘটনার সহিত সংশ্লিষ্ট;

(থ) "ষড়যন্ত্রমূলক যোগসাজশ (Collusion)" অর্থ সুস্থ ও স্বাভাবিক প্রতিযোগিতার পরিবেশ বিনষ্ট করে বাজারকে নিয়ন্ত্রণ করার অসৎ উদ্দেশ্যে সম্পাদিত লিখিত অথবা অলিখিত চুক্তি বা সমঝোতা;

(দ) "সদস্য" অর্থ কমিশনের সদস্য;

ধ) "সংশ্লিষ্ট বাজার" অর্থ—

(অ) পণ্যের বা সেবার বৈশিষ্ট্য, মূল্য এবং ব্যবহারের ইচ্ছার ভিত্তিতে ভোক্তা কর্তৃক বিনিময়যোগ্য বা পরিবর্তনযোগ্য সংশ্লিষ্ট পণ্য বা সেবার বাজার;

(আ) কোন এলাকা সমন্বয়ে গঠিত বাজার যাহাতে পণ্য সরবরাহ বা সেবা সংস্থান বা পণ্য বা সেবার চাহিদার জন্য প্রতিযোগিতার শর্তাবলী অভিন্ন এবং প্রতিবেশী এলাকায় বিরাজমান শর্তাবলী হইতে পৃথক;

(ন) "সেবা" অর্থ যে কোন প্রকারের সেবা যাহা সম্ভাব্য ব্যবহারকারীর জন্য প্রাপ্তিসাধ্য (available) করা হইয়াছে; এবং কোন শিল্প বা বাণিজ্যিক বিষয় সংক্রান্ত ব্যবসার সহিত সংশ্লিষ্ট সেবার সংস্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

(২) এই আইনে ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সে সকল শব্দ বা অভিব্যক্তি কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **প্রয়োগ**।—বাণিজ্যিক উদ্দেশ্যে কোন পণ্য বা সেবার ক্রয়-বিক্রয়, উৎপাদন, সরবরাহ, বিতরণ এবং ক্ষেত্রমত, পণ্যের গদামজাতকরণের সহিত সংশ্লিষ্ট সকল ব্যবসা-প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হইবে।

৪। **আইনের প্রয়োগ হইতে অব্যাহতি**।—জাতীয় নিরাপত্তার স্বার্থে সরকার কর্তৃক নিয়ন্ত্রিত এবং বেসরকারি খাতের জন্য উন্মুক্ত নহে এমন পণ্য এবং সবা এই আইনের আওতা বহির্ভূত থাকিবে।

দ্বিতীয় অধ্যায়

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠা, ইত্যাদি

৫। **বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠা**।—(১) এই আইন প্রবর্তনের পর, যতশীঘ্র সম্ভব, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন নামে একটি কমিশন প্রতিষ্ঠা করিবে।

(২) কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা থাকিবে এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহার পক্ষে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

(৩) কমিশনের একটি সাধারণ সীলমোহর থাকিবে, যাহা কমিশন কর্তৃক নির্ধারিত আকৃতির এবং বিবরণ সম্বলিত হইবে; উহা চেয়ারপার্সনের হেফাজতে থাকিবে এবং কমিশন কর্তৃক নির্ধারিত ক্ষেত্রে ব্যবহৃত হইবে।

৬। **কমিশনের কার্যালয়**।—কমিশনের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং কমিশন, প্রয়োজনে সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৭। **কমিশন গঠন**।—(১) কমিশন এক (১) জন চেয়ারপার্সন এবং অনধিক ৪(চার) জন সদস্য সমন্বয়ে গঠিত হইবে।

(২) চেয়ারপার্সন ও সদস্যগণ, উপ-ধারা (৩) এ উল্লিখিত যোগ্যতা পূরণ সাপেক্ষে, সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর অন্যান্য শর্তাবলী বিধি দ্বারা নির্ধারিত হইবে।

(৩) অর্থনীতি, বাজার সম্পর্কিত বিষয় বা জন প্রশাসন বা অনুরূপ যে কোন বিষয় বা আইন পেশায় কিংবা সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে আইন বিষয়ক কর্মকাণ্ডে অথবা সরকারের বিবেচনায় কমিশনের জন্য প্রয়োজনীয় অন্য কোন বিষয়ে ১৫ (পনের) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি কমিশনের চেয়ারপার্সন বা সদস্য হিসাবে নিয়োগ লাভের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, একই বিষয়ে অভিজ্ঞ একাধিক ব্যক্তিকে সদস্য হিসাবে নিয়োগ করা যাইবে না।

(৪) চেয়ারপার্সন এবং সদস্যগণ কমিশনের সার্বক্ষণিক সদস্য হইবেন এবং দায়িত্ব পালনের ক্ষেত্রে কমিশন সরকারের নিকট দায়ী থাকিবে।

(৫) চেয়ারপার্সন কমিশনের প্রধান নির্বাহী হইবেন।

(৬) চেয়ারপার্সন এবং সদস্যগণ তাহাদের কার্যভার গ্রহণের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য স্ব স্ব পদে বহাল থাকিবেন এবং অনুরূপ একটি মাত্র মেয়াদের জন্য পুনঃ নিয়োগের যোগ্য হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তির বয়স ৬৫ (পঁয়ষট্টি) বৎসর পূর্ণ হইলে তিনি চেয়ারপার্সন বা সদস্য পদে নিযুক্ত হইবার যোগ্য হইবেন না বা চেয়ারপার্সন বা সদস্য পদে বহাল থাকিবেন না।

(৭) উপ-ধারা (৬) এর অধীন তাহাদের চাকুরীর নির্ধারিত মেয়াদ শেষ হইবার পূর্বে চেয়ারপার্সন বা কোন সদস্য যে কোন সময় সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে অন্যূন ৩(তিন) মাসের অগ্রীম নোটিশ প্রদান করিয়া স্ব স্ব পদ ত্যাগ করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক পদত্যাগ গৃহীত না হওয়া পর্যন্ত চেয়ারপার্সন বা, ক্ষেত্রমত, সদস্য স্ব স্ব কার্য চালাইয়া যাইবেন।

(৮) চেয়ারপার্সনের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে চেয়ারপার্সন তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, নবনিযুক্ত চেয়ারপার্সন তাহার পদে যোগদান না করা পর্যন্ত কিংবা চেয়ারপার্সন পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত জ্যেষ্ঠতম সদস্য চেয়ারপার্সন পদে দায়িত্ব পালন করিবেন।

(৯) চেয়ারপার্সন বা কোন সদস্য মৃত্যুবরণ বা উপ-ধারা (৭) এর বিধান অনুসারে স্বীয় পদ ত্যাগ করিলে বা অপসারিত হইলে, সরকার উক্ত পদ শূন্য হইবার, ৬০ (ষাট) দিনের মধ্যে, এই আইনের বিধান সাপেক্ষে, কোন উপযুক্ত ব্যক্তিকে শূন্য পদে নিয়োগদান করিবেন।

৮। **কমিশনের দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলী**।—(১) কমিশনের দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তারকারী অনুশীলনসমূহকে নির্মুল করা, প্রতিযোগিতাকে উৎসাহিত করা ও বজায় রাখা এবং ব্যবসা-বাণিজ্যের স্বাধীনতাকে নিশ্চিত করা;

(খ) কোন অভিযোগের ভিত্তিতে অথবা স্ব-প্রণোদিতভাবে ব্যবসা প্রতিষ্ঠানসমূহের প্রতিযোগিতা বিরোধী সকল চুক্তি, কর্তৃত্বময় অবস্থান এবং অনুশীলনের তদন্ত করা;

(গ) ধারা ১৮ এর প্রাসংগিকতাকে ক্ষুণ্ন না করিয়া এই আইনে উল্লিখিত অন্যান্য অপরাধের তদন্ত পরিচালনা এবং উহার ভিত্তিতে মামলা দায়ের ও পরিচালনা করা;

(ঘ) জোটবদ্ধতা এবং জোটবদ্ধতা সংশ্লিষ্ট বিষয়াদি, জোটবদ্ধতার জন্য তদন্ত সম্পাদনসহ জোটবদ্ধতার শর্তাদি এবং জোটবদ্ধতা অনুমোদন বা নামঞ্জুর সংক্রান্ত বিষয়াদি নির্ধারণ করা;

(ঙ) প্রতিযোগিতা সংক্রান্ত বিধিমালা, নীতিমালা, দিক নির্দেশনামূলক পরিপত্র বা প্রশাসনিক নির্দেশনা প্রণয়ন এবং উহা বাস্তবায়নে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান করা;

(চ) প্রতিযোগিতামূলক কর্মকাণ্ডের উন্নয়ন এবং প্রতিযোগিতা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য উপযুক্ত মানদণ্ড নির্ধারণ করা;

(ছ) সমাজের বিভিন্ন শ্রেণীর লোকজনের মধ্যে প্রতিযোগিতা সম্পর্কিত সার্বিক বিষয়ে প্রচার এবং প্রকাশনার মাধ্যমে ও অন্যান্য উপায়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ করা;

(জ) প্রতিযোগিতা বিরোধী কোন চুক্তি বা কর্মকাণ্ড বিষয়ে গবেষণা, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ এবং অনুরূপ অন্যবিধ ব্যবস্থার মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধি করা এবং গবেষণালব্ধ ফলাফল প্রকাশ ও প্রচার করা এবং উহাদের কার্যকর বাস্তবায়নের জন্য সরকারের নিকট সুপারিশ করা;

(ঝ) সরকার কর্তৃক প্রেরিত প্রতিযোগিতা সংক্রান্ত যে কোন বিষয় প্রতিপালন, অনুসরণ বা বিবেচনা করা;

(ঞ) ভোক্তা অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের বিষয়ে অন্য কোন আইনের অধীন গৃহীত ব্যবস্থাদি পর্যালোচনা করা;

(ট) এই ধারার অধীন দায়িত্ব পালনের জন্য বা ইহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বিদেশী কোন সংস্থার সহিত কোন চুক্তি বা সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর ও সম্পাদন করা;

(ঠ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ফিস, চার্জ বা অন্য কোন খরচ ধার্য করা; এবং

(ড) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি দ্বারা নির্ধারিত অন্য যে কোন কার্য করা।

(২) কমিশন স্ব-প্রণোদিত হইয়া অথবা কোন অভিযোগের ভিত্তিতে এই আইনের অধীন উত্থাপিত অভিযোগ সম্পর্কে অনুসন্ধান করিতে পারিবে।

(৩) নিম্নবর্ণিত বিষয়ে Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর অধীন একটি দেওয়ানী আদালত যে ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে কমিশন বা, ক্ষেত্রমত, চেয়ারপার্সন বা কোন সদস্যও এই ধারার অধীন সেইরূপ ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন, যথা ঃ—

(ক) কোন ব্যক্তিকে কমিশনে হাজির করিবার জন্য নোটিশ জারী করা ও উপস্থিতি নিশ্চিত করা;

(খ) কোন দলিল উদঘাটন ও উপস্থাপন করা;

(গ) তথ্য যাচাই ও পরিদর্শন করা;

(ঘ) কোন অফিস হইতে প্রয়োজনীয় কাগজাদি বা উহার অনুলিপি তলব করা;

(ঙ) সাক্ষীর জিজ্ঞাসাবাদ এবং দলিল পরীক্ষা করিবার জন্য নোটিশ জারী করা;

(চ) এই উপ-ধারার উদ্দেশ্য পূরণকল্পে যে কোন বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা।

(৪) কমিশন যে কোন ব্যক্তিকে তদন্ত সংশ্লিষ্ট বিষয়ে কোন তথ্য সরবরাহ করিবার জন্য তাহার হেফাজতে বা নিয়ন্ত্রণে থাকা এইরূপ কোন বই, হিসাব বা অন্যান্য দলিল, যাহা বাণিজ্যিক লেনদেনের সহিত সংশ্লিষ্ট এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে পরীক্ষা করা আবশ্যক, উক্তরূপ বিষয়াদি কমিশন বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার নিকট উপস্থাপন করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে এবং অনুরূপভাবে নির্দেশিত ব্যক্তি তাহার হেফাজতে রক্ষিত উক্ত তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

(৫) কমিশন কোন তদন্ত বা কার্যধারা পরিচালনার ক্ষেত্রে উহাকে সতায়তা প্রদানের জন্য অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য, হিসাববিজ্ঞান অথবা অন্য কোন ক্ষেত্র হইতে প্রয়োজনীয় সংখ্যক বিশেষজ্ঞকে আমন্ত্রণ জানাইতে পারিবে এবং উক্তরূপ সহায়তা প্রদানের জন্য কমিশনের নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট ব্যক্তি যথাযথ উদ্যোগ গ্রহণ করিবেন।

(৬) কমিশনের সম্মুখে সকল কার্যধারা Penal Code, 1860 (Act XLV of 1860) এর Section 196 এর উদ্দেশ্য পূরণকল্পে এবং section 193 এবং 228 এর অধীন বিচারিক কার্যধারা বলিয়া গণ্য হইবে, এবং Code of Criminal Procedure, 1898 (Act V of 1898) এর chapter 35 এবং section 195 এর উদ্দেশ্য পূরণকল্পে, কমিশন একটি দেওয়ানী আদালত (Civil Court) বলিয়া গণ্য হইবে।

(৭) চেয়ারপার্সন বা কমিশন হইতে বৈধ ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাকে উপ-ধারা (৩) এর অধীন ক্ষমতা প্রয়োগে কোন ব্যক্তি বাধা প্রদান করিলে বা উক্ত উপ-ধারার অধীন প্রদত্ত কোন নির্দেশ ইচ্ছাকৃতভাবে কোন ব্যক্তি অমান্য করিলে উহা এই আইনের অধীন একটি দণ্ডনীয় অপরাধ হইবে এবং উক্ত অপরাধের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি অনূর্ধ্ব ৩ (তিন) বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের কারাদণ্ডে বা অর্থদণ্ডে বা উভয় প্রকার দণ্ডে দণ্ডনীয় হইবেন।

৯। চেয়ারপার্সন ও সদস্যের অপসারণ।—(১) সরকার চেয়ারপার্সন বা কোন সদস্যকে তাহার পদ হইতে নিম্নবর্ণিত এক বা একাধিক কারণে অপসারণ করিতে পারিবেন, যদি তিনি—

(ক) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন;

(খ) পারিশ্রমিকের বিনিময়ে স্বীয় দায়িত্ব বহির্ভূত অন্য কোন পদে নিয়োজিত হন;

(গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত হন;

(ঘ) নৈতিক স্খলনজনিত কোন অপরাধে দোষী সাব্যস্ত হন;

(ঙ) শারীরিক বা মানসিকভাবে তাহার দায়িত্ব পালনে অক্ষম হন; বা

(চ) সরকারের বিবেচনায় তাহার পদমর্যাদার এইরূপ অপব্যবহার করিয়া থাকেন, যাহাতে তাহার উক্ত পদে বহাল থাকা জনস্বার্থের পরিপন্থী।

(২) চেয়ারপার্সন বা কোন সদস্যকে কারণ দর্শাইবার যুক্তিসংগত সুযোগ না দিয়া উপ-ধারা (১) এর অধীন কোন ব্যবস্থা গ্রহণ করা যাইবে না।

১০। চেয়ারপার্সন ও সদস্যগণের পদমর্যাদা, পারিশ্রমিক ও সুবিধাদি।—চেয়ারপার্সন ও সদস্যগণের পদমর্যাদা, পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

১১। কমিশনের সভা।—(১) এই আইনের বিধানাবলী সাপেক্ষে, কমিশন উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) প্রতি ৪(চার) মাসে কমিশনের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে এবং সভার তারিখ, সময় ও স্থান চেয়ারপার্সন কর্তৃক নির্ধারিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কমিশন, বিশেষ প্রয়োজনে, যে কোন সময় উহার জরুরী সভা আহ্বান করিতে পারিবে।

(৩) চেয়ারপার্সন কমিশনের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক নির্বাচিত কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) চেয়ারপার্সন এবং অন্যূন ২(দুই) জন সদস্যের উপস্থিতিতে কমিশনের সভার কোরাম গঠিত হইবে।

(৫) কমিশনের সভায় সিদ্ধান্ত গ্রহণে চেয়ারপার্সন এবং প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের অধিকার থাকিবে।

(৬) শুধুমাত্র কোন সদস্যপদে শূন্যতা বা কমিশন গঠনে ত্রুটি থাকিবার কারণে কমিশনের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৭) প্রত্যেক সভার কার্যবিবরণী সভার সভাপতি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে এবং উক্ত সভার পরবর্তী ২০ (বিশ) দিনের মধ্যে উহার একটি কপি সরকারের নিকট প্রেরণ করিতে হইবে।

১২। কমিশনের সচিব, কর্মকর্তা ও কর্মচারী, ইত্যাদি।—(১) কমিশনের একজন সচিব থাকিবেন, যিনি সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(২) এই আইনের অধীন কমিশন উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(৩) কমিশনের কর্মকর্তা ও কর্মচারীর বেতন, ভাতা ও চাকুরীর অন্যান্য শর্তাদি বিধি দ্বারা নির্ধারিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার, কমিশনের অনুরোধক্রমে, প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন কর্মকর্তা ও কর্মচারীকে কমিশনে প্রেষণে নিয়োগ করিতে পারিবে।

১৩। চেয়ারপার্সন এবং সদস্যদের কার্যভার ত্যাগ করার পর কতিপয় নিয়োগের ক্ষেত্রে বিধিনিষেধ।—চেয়ারপার্সন এবং কোন সদস্য তাহার কার্যভার ত্যাগ করার ১ (এক) বৎসর সময়ের মধ্যে এমন কোন ব্যবসা প্রতিষ্ঠানে নিযুক্ত হইতে পারিবেন না বা এমন কোন ব্যবসা প্রতিষ্ঠানের প্রশাসন বা ব্যবস্থাপনার সহিত সম্পৃক্ত হইতে পারিবেন না, যাহা এই আইনের অধীন কমিশনের সম্মুখে কোন কার্যধারার পক্ষে ছিল বা আওতায় আসিতে পারে।

১৪। কমিশন এবং সংবিধিবদ্ধ সংস্থার মধ্যে মতামত বিনিময়।—(১) কোন সংবিধিবদ্ধ সংস্থার কার্যক্রম বা উক্ত সংস্থা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এই আইনের কোন বিধানের সহিত সাংঘর্ষিক হইতে পারে মর্মে কোন ব্যক্তি আপত্তি উত্তাপন করিলে বা উক্ত সংবিধিবদ্ধ সংস্থা স্বীয় উদ্যোগে উক্ত কার্যক্রমের উপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত কার্যক্রমের ধারাবাহিকতা স্থগিত রাখিয়া উত্থাপিত আপত্তিটি কমিশন বরাবরে প্রেরণ করিতে পারিবে।

(২) কমিশন উপ-ধারা (১) এ উল্লিখিত বিষয় কোন সংবিধিবদ্ধ সংস্থা হইতে প্রাপ্তির পর অনূর্ধ্ব ৬০(ষাট) দিনের মধ্যে উহার মতামত উক্ত সংবিধিবদ্ধ সংস্থার নিকট প্রেরণ করিবে এবং উক্ত সংস্থা মতামতটি বিবেচনাক্রমে উহার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে বা চলমান কার্যক্রম পরিচালনা করিবে।

(৩) কমিশনে কোন কার্যক্রম চলাকালে কমিশন কর্তৃক গৃহীত বা প্রস্তাবিত সিদ্ধান্ত এই আইনের কোন বিধানের পরিপন্থী বা পরিপন্থী হইতে পারে এবং যাহার বাস্তবায়ন কোন সংবিধিবদ্ধ সংস্থার উপর ন্যস্ত মর্মে কোন ব্যক্তি আপত্তি উত্থাপন করিলে বা কমিশন স্বীয় উদ্যোগে সংশ্লিষ্ট বিষয়ে উক্ত কার্যক্রমের উপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত কার্যক্রমের ধারাবাহিকতা স্থগিত রাখিয়া উক্ত সংবিধিবদ্ধ সংস্থার মতামতের জন্য প্রেরণ করিতে পারিবে।

(৪) কোন সংবিধিবদ্ধ সংস্থা উপ-ধারা (৩) এ উল্লিখিত বিষয় কমিশন হইতে প্রাপ্তির পর অনূর্ধ্ব ৬০ (ষাট) দিনের মধ্যে উহার মতামত কমিশনের নিকট প্রেরণ করিবে এবং কমিশন মতামতটি বিবেচনাক্রমে উহার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে বা চলমান কার্যক্রম পরিচালনা করিবে।

(৫) উপ-ধারা (২) বা ক্ষেত্রমত, উপ-ধারা (৪) এর অধীন কমিশন বা ক্ষেত্রমত, সংবিধিবদ্ধ সংস্থা কর্তৃক প্রাপ্ত মতামত বিবেচনা করিবার লক্ষ্যে, প্রয়োজনে, সংবিধিবদ্ধ সংস্থা ও কমিশন সম্মতির ভিত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিয়া বিষয়টি যথাযথ আইন অনুসরণক্রমে নিষ্পত্তি করিবে।

তৃতীয় অধ্যায়

প্রতিযোগিতা বিরোধী চুক্তি, কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার, ইত্যাদি

১৫। প্রতিযোগিতা বিরোধী চুক্তি।—(১) কোন ব্যক্তি কোন পণ্য বা সেবার উৎপাদন, সরবরাহ, বিতরণ, গুদামজাতকরণ বা অধিগ্রহণ সংক্রান্ত এমন কোন চুক্তিতে বা ষড়যন্ত্রমূলক যোগসাজশে (Collusion), প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, আবদ্ধ হইতে পারিবে না যাহা প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তার করে বা বিস্তারের কারণ ঘটায় কিংবা বাজারে মনোপলি (Monopoly) অথবা ওলিগপলি (Oligopoly) অবস্থার সৃষ্টি করে।

(২) কোন চুক্তি, অভিন্ন বা সাদৃশ্য পণ্য লেনদেন বা সেবার সংস্থানের সহিত সম্পৃক্ত কোন ব্যক্তি বা ব্যক্তি সংঘের অনুশীলন বা সিদ্ধান্ত পণ্যের বা সেবার বাজারে প্রতিযোগিতার পরিপন্থী বা বিরূপ বলিয়া বিবেচিত হইবে যদি উহা কোন পণ্য বা সেবার—

(ক) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে—

(অ) ক্রয় বা বিক্রয় মূল্য অস্বাভাবিকভাবে নির্ধারণ করে; বা

(আ) দরপত্রসহ সকল ক্ষেত্রে জালিয়াতিপূর্বক প্রতারণামূলক দর নির্ধারণ করে;

(খ) উৎপাদন, সরবরাহ, বাজার, কারিগরি উন্নয়ন, বিনিয়োগ বা সেবার সংস্থানকে সীমিত বা নিয়ন্ত্রণ করে; অথবা

(গ) শ্রেণীর ভিত্তিতে, উৎপাদনের উৎস বা সেবার সংস্থানকে ভৌগোলিক বাজার ভিত্তিতে বা বাজারে ভোক্তার সংখ্যার ভিত্তিতে বা একইরূপ অন্য কোনভাবে বিভক্ত করে।

ব্যাখ্যা।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে 'দরপত্র জালিয়াতি' অর্থ এমন কোন চুক্তি যাহা দর প্রদানের ক্ষেত্রে প্রতিযোগিতাকে হ্রাস করে বা দর প্রক্রিয়াকে প্রতিকূলভাবে প্রভাবিত করে চুক্তিভুক্ত পক্ষসমূহের বা, ক্ষেত্রমত, সুবিধাভোগীর মধ্যে সুবিধাজনক অবস্থান তৈরি করে।

(৩) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নলিখিত ব্যবস্থা বা চুক্তিসমূহও প্রতিযোগিতা বিরোধী চুক্তি হিসাবে গণ্য হইবে, যদি উহারা প্রতিযোগিতায় বিরূপ প্রভাব বিস্তার করে, যথা ঃ—

(ক) "শর্তযুক্ত ব্যবস্থা" অর্থাৎ কোন বিক্রেতার নিকট হইতে পণ্য ক্রয়ের শর্ত হিসাবে তদ্‌কর্তৃক বা তদ্‌দ্বারা নিয়োজিত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান হইতে ক্রেতা কর্তৃক অন্য কোন পণ্য ক্রয় বা সুবিধাদি গ্রহণ সংক্রান্ত ব্যবস্থাপনা বা সম্মত বিষয়াদি;

(খ) "একচ্ছত্র সরবরাহ চুক্তি" অর্থাৎ বিক্রেতা ভিন্ন অন্য কোন ব্যক্তির নিকট হইতে পণ্য অর্জন বা অন্য কোন উপায়ে পণ্য লেনদেনের ক্ষেত্রে যে কোন উপায়ে ক্রেতার উপর বিধিনিষেধ আরোপ সংক্রান্ত কোন চুক্তি;

(গ) "একচ্ছত্র পরিবেশন চুক্তি" অর্থাৎ কোন পণ্য সরবরাহ বা উৎপন্ন দ্রব্যের পরিমাণকে সীমিত, সীমাবদ্ধ বা স্থগিত করে বা কোন এলাকা বা বাজারকে কোন পণ্য বিক্রয় বা হস্তান্তরের জন্য নির্দিষ্ট করে এমন কোন চুক্তি;

(ঘ) "লেনদেনে অস্বীকার" অর্থাৎ যাহার নিকট পণ্য বিক্রয় করা হইয়াছে বা যাহার নিকট হইতে পণ্য ক্রয় করা হইয়াছে তাহাকে বা তাহার কোন শ্রেণীকে, যে কোন উপায়ে তাহার ক্রয় বা বিক্রয়ের ক্ষেত্রে, সীমাবদ্ধ করে এমন যে কোন চুক্তি;

(ঙ) "পুনঃবিক্রয় মূল্য সংরক্ষণ" অর্থাৎ এমন কোন চুক্তি যাহাতে এমন শর্ত থাকে যে, ক্রেতা কর্তৃক কোন পণ্য পুনঃবিক্রয়কালে যে মূল্য ধার্য করা হইবে উহাই বিক্রেতা কর্তৃক নির্ধারিত মূল্য হইবে, যদি না ইহা স্পষ্টভাবে উল্লেখ থাকে যে উক্তরূপ মূল্য অপেক্ষা কম মূল্য নির্ধারণ করা যাইতে পারে।

(৪) উপ-ধারা (১) এর কোন কিছুই—

(ক) অধিকার লংঘন প্রতিরোধের ক্ষেত্রে কোন ব্যক্তির অধিকার অথবা মেধাস্বত্ব (Intellectual property) সংক্রান্ত কোন আইনের অধীন কোন ব্যক্তির কোন অধিকার সংরক্ষণের জন্য, প্রয়োজনবোধে, যুক্তিসংগত শর্তারোপের; এবং

(খ) একচ্ছত্রভাবে পণ্য উৎপাদন, সরবরাহ, পরিবেশন অথবা নিয়ন্ত্রণ বা সেবার সংস্থান সংক্রান্ত কোন চুক্তিতে যেই পরিমাণ পণ্য রপ্তানি করিবার বিধান রহিয়াছে সেই পরিমাণ পণ্য বাংলাদেশ হইতে রপ্তানি করিবার অধিকারকে বাধাগ্রস্ত করিবে না।

১৬। কর্তৃত্বময় (Dominant) অবস্থানের অপব্যবহার।—(১) কর্তৃত্বময় হিসাবে গণ্য কোন ব্যবসা প্রতিষ্ঠান ইহার কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার করিতে পারিবে না।

(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার বলিয়া গণ্য হইবে, যদি কোন ব্যবসা প্রতিষ্ঠান—

(ক) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পণ্য ক্রয়-বিক্রয়ে বা সেবা প্রদানে অন্যায্য বা বৈষম্যমূলক শর্তারোপ করে বা পণ্য ও সেবার ক্রয়-বিক্রয়ে বৈষম্যমূল্যক মূল্য বা কৃত্রিমভাবে হ্রাসকৃত মূল্য (Predatory price) নির্ধারণ করে;

(খ) পণ্যের উৎপাদন বা সেবার সংস্থান বা উহাদের বাজারকে বা পণ্য বা সেবা সংক্রান্ত ভোক্তার পূর্ব ধারণাগত কারিগরি বা বৈজ্ঞানিক উন্নয়নকে সীমিত বা বাঁধাগ্রস্ত করা;

(গ) এমন কোন অনুশীলন অবলম্বন করে ও অব্যাহত রাখে, যাহা বাজারে অন্যদের প্রবেশাধিকারের ক্ষেত্রে

বাঁধা সৃষ্টি করে;

(ঘ) কোন চুক্তির সম্পাদন অন্য পক্ষের এমন সম্পূরক দায়-দায়িত্ব গ্রহণ সাপেক্ষে করে, যাহা উহাদের প্রকৃতি বা বাণিজ্যিক অনুশীলন অনুযায়ী উক্তরূপ চুক্তির বিষয়বস্তুর সহিত জড়িত নহে; বা

(ঙ) সংশ্লিষ্ট একটি বাজারে উহার কর্তৃত্বময় অবস্থানকে সংশ্লিষ্ট অন্য বাজারে প্রবেশের জন্য অথবা সংশ্লিষ্ট অন্য বাজারকে নিরাপদ রাখিবার জন্য ব্যবহার করে।

ব্যাখ্যা।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে,—

(অ) 'কর্তৃত্বময় অবস্থান (Dominant position) অর্থ সংশ্লিষ্ট কোন বাজারে কোন ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক ভোগরত এমন সুদৃঢ় অবস্থান, যাহা উহাকে—

(১) সংশ্লিষ্ট বাজারে বিরাজমান প্রতিযোগী শক্তিসমূহের প্রভাব ব্যতিরেকে স্বাধীনভাবে পরিচালনা করিতে; অথবা

(২) ইহার প্রতিদ্বন্দ্বী, ভোক্তা বা সংশ্লিষ্ট বাজারকে ইহার অনুকূলে প্রভাব বিস্তার করিতে সক্ষমতা প্রদান করে;

(আ) 'কৃত্রিমভাবে হ্রাসকৃত মূল্য (Predatory Price)' অর্থ প্রতিযোগিতাকে হ্রাস বা নির্মূল করিবার উদ্দেশ্যে কোন পণ্যের উৎপাদন বা সেবার সংস্থানের খরচ অপেক্ষা কম মূল্যে কোন পণ্য বিক্রয় বা কোন সেবার সংস্থান করা।

চতুর্থ অধ্যায়

অভিযোগ, তদন্ত, আদেশ, ইত্যাদি

১৭। তদন্ত পূর্ববর্তী কার্যক্রম।—কোন চুক্তি, কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার বা জোটবদ্ধতা সংশ্লিষ্ট বাজারে প্রতিযোগিতার উপর গুরুত্বপূর্ণ প্রতিকূল প্রভার ফেলে বা প্রভাব ফেলিবার কারণ ঘটায় এবং ভোক্তার এবং বাজারে প্রতিযোগীদের স্বার্থ রক্ষার্থে উহা অবিলম্বে প্রতিরোধ করা কমিশনের নিকট প্রয়োজন বলিয়া বিবেচিত হইলে কমিশন সংশ্লিষ্ট পক্ষগণকে শুনানির যুক্তিসঙ্গত সময় প্রদান করিয়া এই আইনের অধীন তদন্ত পরিচালনার পূর্বেই উহা প্রয়োজনীয় নির্দেশনাসহ নিষ্পত্তি বা মীমাংসা করিতে পারিবে।

১৮। তদন্ত, ইত্যাদি।—(১) কমিশনের নিকট যদি যুক্তিসঙ্গতভাবে বিশ্বাস করিবার কারণ থাকে যে, কোন প্রতিষ্ঠান এমন চুক্তি করিয়াছে বা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার করিয়াছে যাহা সংশ্লিষ্ট বাজারের জন্য ক্ষতিকর, তাহা হইলে কমিশন স্বপ্রণোদিতভাবে বা কাহারও নিকট হইতে কোন অভিযোগ প্রাপ্ত হইয়া উহার তদন্ত করিতে পারিবে।

(২) কমিশন উপ-ধারা (১) এর অধীন তদন্ত পরিচালনার পদ্ধতি সম্পর্কে প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

১৯। অন্তর্বর্তীকালীন আদেশ জারীর ক্ষমতা।—(১) কমিশন তদ্‌কর্তৃক তদন্ত পরিচালনাকালে যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোন ব্যক্তি ধারা ১৫ এর উপ-ধারা (১) বা ধারা ১৬ এর উপ-ধারা (১) বা ধারা ২১ এর বিধান লংঘন করিয়াছে, যাহা এই আইনের অধীন একটি অপরাধ, এবং উক্ত অপরাধ অব্যাহত রাখা হইয়াছে বা অনুরূপ লংঘন করা হইতে পারে, সেইক্ষেত্রে কমিশন, কার্যক্রমের গুরুত্ব বিবেচনাক্রমে পক্ষগণকে শুনানির পর্যাপ্ত সুযোগ প্রদান করিয়া, আদেশ দ্বারা, তদন্ত সমাপ্ত না হওয়া পর্যন্ত বা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, অন্তর্বর্তীকালীন আদেশ জারীর মাধ্যমে উক্ত ব্যক্তিকে উক্ত কার্য করা হইতে, এক বা একাধিক পক্ষের, দৈনন্দিন কাজ-কর্মসহ, অপূরণীয় ক্ষতি না হয় এইরূপ শর্ত সাপেক্ষে, বিরত রাখিবার আদেশ প্রদান করিতে পারিবে।

(২) কোন অন্তর্বর্তীকালীন আদেশের সময়সীমা নিম্নবর্ণিত সময়ের অতিরিক্ত বর্ধিত করা যাইবে না—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত লংঘনের অভিযোগ এর বিষয়ে শুনানী সমাপ্ত হওয়া পর্যন্ত; বা

(খ) আদেশ প্রদানের তারিখ হইতে অনূর্ধ্ব ৬০ (ষাট) দিন ঃ

তবে শর্ত থাকে যে, কমিশনের মতামতের প্রেক্ষিতে উক্ত সময়সীমা আরো অতিরিক্ত ৬০ (ষাট) দিন বর্ধিত করা যাইবে।

(৩) কমিশন কর্তৃক অন্তর্বর্তীকালীন আদেশ জারীর অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যে কোন পক্ষ আপীল করিতে পারিবে।

(৪) আপীল এবং আপীল কার্যক্রমের মেয়াদ যাহাই থাকুক না কেন, আপীল কর্তৃপক্ষ কর্তৃক কোন ভিন্নরূপ নির্দেশনা না থাকিলে উক্ত অন্তর্বর্তীকালীন আদেশ পক্ষগণের উপর বলবৎ এবং কার্যকর থাকিবে।

২০। তদন্ত পরবর্তী কার্যক্রম।—ধারা ১৮ এ উল্লিখিত

পদ্ধতিতে তদন্তের পর কমিশনের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তি প্রতিযোগিতা বিরোধী চুক্তি সম্পাদন বা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার করিয়াছে তাহা হইলে কমিশন নিম্নবর্ণিত যে কোন এক বা একাধিক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যথা ঃ—

(ক) উক্তরূপ চুক্তির সহিত সংশ্লিষ্ট বা কর্তৃত্বময় ক্ষমতার অপব্যবহারকারী কোন ব্যক্তিকে—

(অ) তাহার কার্যক্রম বন্ধ রাখাসহ পুনরায় উক্তরূপ চুক্তিতে আবদ্ধ না হইতে এবং উক্তরূপ কর্তৃত্বময় ক্ষমতার অপব্যবহার না করিতে নির্দেশ প্রদান করা; এবং

(আ) তাহার বিগত ৩ (তিন) অর্থ বৎসরের গড় টার্নওভারের ১০% এর বেশী নহে, কমিশনের বিবেচনায় উপযুক্ত যে কোন পরিমাণ প্রশাসনিক আর্থিক জরিমানা আরোপ করা;

(খ) ধারা ১৫ এ উল্লিখিত চুক্তির আওতায় কোন কার্টেল সংঘটিত হইলে উক্ত কার্টেল-এ অন্তর্ভুক্ত প্রত্যেক ব্যক্তিকে উক্তরূপ চুক্তির ফলে অর্জিত মুনাফার ৩(তিন) গুণ অথবা বিগত ৩ (তিন) অর্থ বৎসরের গড় টার্নওভারের ১০%, যাহা বেশী হয়, এইরূপ প্রশাসনিক আর্থিক জরিমানা আরোপ করা;

(গ) দফা (ক) এবং (খ) তে উল্লিখিত পরিমাণ আর্থিক জরিমানা প্রদানে কোন ব্যক্তি ব্যর্থ হইলে প্রতিদিনের ব্যর্থতার জর্ন অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থ দণ্ড প্রদান করা;

(ঘ) কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহারের জন্য ব্যবসা-প্রতিষ্ঠানের বিভাজনসহ প্রতিযোগিতা সংরক্ষণের জন্য যথাযথ বিবেচিত যে কোন আদেশ প্রদান করা।

ব্যাখ্যা।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে "টার্নওভার" অর্থ কোন ব্যক্তি কর্তৃক কোন নির্দিষ্ট সময়ে তাহার দ্বারা প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের সরবরাহ বা সেবা প্রদান হইতে প্রাপ্য বা প্রাপ্ত সমুদয় অর্থ।

২১। জোটবদ্ধতা (Combination) নিষিদ্ধকরণ।—(১) পণ্য বা সেবার বাজারে এমন জোটবদ্ধতা যাহা প্রতিযোগিতাকে বিরূপভাবে প্রভাবিত করে বা প্রভাবিত করিবার কারণ ঘটায় সেইরূপ জোটবদ্ধতা নিষিদ্ধ হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রতিযোগিতাকে বিরূপভাবে প্রভাবিত করিবে না বা করিবার কারণ ঘটাইবে না, এমন জোটবদ্ধতা আবেদনের ভিত্তিতে কমিশন তদন্তপূর্বক অনুমোদন করিতে পারিবে এবং জোটবদ্ধতার জন্য কোন কোন ক্ষেত্রে কমিশনের অনুমাদন প্রয়োজন হইবে, তাহা প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে উক্ত উপ-ধারায় উল্লিখিত জোটবদ্ধতার বিষয়ে কমিশন প্রবিধান দ্বারা নির্ধারিত আবেদন ও পদ্ধতিতে অনুসন্ধান বা তদন্ত করিতে পারিবে এবং উক্তরূপ তদন্ত বা অনুসন্ধান করিবার পর কমিশন যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোন জোটবদ্ধতা প্রতিযোগিতার উপর—

(ক) কোনরূপ বিরূপ প্রভাব ফেলিবে না বা প্রভাব ফেলিবার কারণ ঘটাইবে না, তাহা হইলে কমিশন আদেশ দ্বারা উক্তরূপ জোটবদ্ধতা অনুমোদন করিতে পারিবে; বা

(খ) বিরূপ প্রভাব ফেলিবে বা প্রভাব ফেলিবার কারণ ঘটাইবে, তাহা হইলে কমিশন উক্তরূপ জোটবদ্ধতা অনুমোদন করিবে না।

২২। বাংলাদেশের বাহিরে সম্পাদিত কাজের তদন্ত কর্মকাণ্ডে আইনের প্রযোজ্যতা।—বাংলাদেশের বাহিরে অবস্থানকারী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক সংঘটিত প্রতিযোগিতা বিরোধী কোন কর্মকাণ্ড যদি বাংলাদেশের সংশ্লিষ্ট বাজারের প্রতিযোগিতায় বিরূপ প্রভাব ফেলে, তাহা হইলে উভয় দেশের জন্য প্রযোজ্য আইন, বিধি, ইত্যাদি অনুসারে কমিশন উক্ত কর্মকাণ্ডের তদন্ত করিতে পারিবে।

২৩। কমিশনের সম্মুখে উপস্থিত হওয়া।—কোন ব্যক্তি নিজে বা তদ্‌কর্তৃক মনোনীত কোন প্রতিনিধি কমিশনের নিকট তাহার বক্তব্য বা অভিযোগ বা প্রতিবাদের বিষয় উত্থাপন করিতে পারিবে।

পঞ্চম অধ্যায়

পুনর্বিবেচনা, দণ্ড, আপীল, ইত্যাদি

২৪। কমিশনের আদেশ লংঘন, ইত্যাদি।—যদি কোন ব্যক্তি যুক্তিসঙ্গত কারণ ব্যতীত এই আইনের অধীন কমিশন কর্তৃক প্রদত্ত কোন আদেশ বা নির্দেশনা, আরোপিত কোন শর্ত বা বিধিনিষেধ বা প্রদত্ত কোন অনুমোদন লংঘন করে তাহা হইলে উহা এই আইনের অধীন একটি অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্তরূপ অপরাধের জন্য তিনি অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ডে বা প্রতিদিনের ব্যর্থতার জন্য অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থ দণ্ডে দণ্ডনীয় হইবেন।

২৫। অপরাধ বিচারার্থ গ্রহণ ও বিচার।—(১) কমিশন বা কমিশনের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার লিখিত অভিযোগ ব্যতীত কোন আদালত এই আইনের অধীন কোন মামলা বিচারার্থ গ্রহণ করিবে না।

(২) এই আইনের অধীন অপরাধ প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

২৬। ফৌজদারী কার্যবিধির প্রয়োগ।—(১) এই আইন, তদধীন প্রণীত বিধি ও প্রবিধান সাপেক্ষে, এই আইনে বর্ণিত যে কোন অপরাধের তদন্ত, বিচার, আপীল এবং আনুষঙ্গিক সকল বিষয়ে ফৌজদারী কার্যবিধি প্রযোজ্য হইবে।

(২) এই আইনের অধীন কমিশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার রিপোর্টের ভিত্তিতে সূচিত মামলা ফৌজদারী কার্যবিধির অধীন পুলিশ রিপোর্টের ভিত্তিতে সূচিত মামলা বলিয়া গণ্য হইবে।

২৭। দ্বিতীয়বার বিচার নিষিদ্ধ।—এই আইনের অধীন প্রশাসনিক বা অন্যবিধ দণ্ডনীয় কোন অপরাধে কোন ব্যক্তিকে আইনের বিধান অনুসারে বিচার করিয়া দোষী বা নির্দোষ সাব্যস্ত করা হইলে, তাহাকে উক্ত একই অপরাধের জন্য পুনরায় অন্য কোন আইনের অধীন বিচার করা যাইবে না।

২৮। কমিশনের পাওনা আদায়।—কোন ব্যক্তির নিকট হইতে কমিশনের পাওনা সরকারি দাবী হিসেবে Public Demands Recovery Act, 1913 (Ben. Act III of 1913) এর বিধানানুসারে আদায়যোগ্য হইবে।

২৯। কমিশনের আদেশ পুনর্বিবেচনা, আপীল ইত্যাদি।—(১) এই আইনের অধীন কমিশনের কোন আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে উক্ত ব্যক্তি আদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে প্রবিধান দ্বারা নির্ধারিত ফরমে ও ফি প্রদান সাপেক্ষে উহা—

(ক) পুনর্বিবেচনার জন্য কমিশনের নিকট; অথবা

(খ) আপীলের জন্য সরকারের নিকট আবেদন করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, ধারা ২০ এর অধীন কমিশন কর্তৃক প্রদত্ত কোন প্রশাসনিক আর্থিক জরিমানা সংক্রান্ত আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তাহার উপর আরোপিত জরিমানার—

(ক) ১০% অর্থ কমিশনে জমা করিয়া পুনর্বিবেচনার; বা

(খ) ২৫% অর্থ সরকারের নিকট জমা করিয়া আপীলের আবেদন জরিমানার জমার রশিদসহ, করিতে পারিবেন।

(২) কমিশন বা, ক্ষেত্রমত, সরকার যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী উপ-ধারা (১) এ নির্ধারিত সময়সীমার মধ্যে যুক্তিসঙ্গত কারণে আবেদন করিতে ব্যর্থ হইয়াছে তাহা হইলে কমিশন বা, ক্ষেত্রমত, সরকার আবেদনকারীর আবেদনের ভিত্তিতে আরো অনধিক ৩০ (ত্রিশ) দিন সময় মঞ্জুর করিতে পারিবে।

(৩) পুনর্বিবেচনার ক্ষেত্রে কমিশন এবং আপীলের ক্ষেত্রে সরকার যে ব্যক্তির অনুকূলে কোন আদেশ প্রদান করা হইয়াছে উক্ত ব্যক্তিকে শুনানীর যুক্তিসঙ্গত সুযোগ প্রদান না করিয়া উক্তরূপ আদেশ, সংশোধন, পরিবর্তন বা বাতিল করিতে পারিবে না ঃ

তবে শর্ত থাকে যে, কমিশন বা সরকার পুনর্বিবেচনা বা, ক্ষেত্রমত, আপীল আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উহা নিষ্পত্তি করিবে।

(৪) কমিশন কর্তৃক পুনর্বিবেচনাকালে প্রদত্ত আদেশ বা, ক্ষেত্রমত, সরকার কর্তৃক আপীলে প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৩০। আপীল।—(১) ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত রায় বা আদেশ দ্বারা কোন পক্ষ সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত রায় বা আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে স্থানীয় অধিক্ষেত্রে সেশন জজের আদালতে আপীল দায়ের করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, ম্যাজিস্ট্রেট কর্তৃক কোন রায় বা আদেশে অর্থদণ্ড আরোপ করা হইলে উক্ত রায় বা আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে, উক্ত রায় বা আদেশে উল্লিখিত আর্থিক দণ্ডের ২৫% সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেট আদালতে জমা করিয়া জমার রশিদসহ উপ-ধারা (১) এ উল্লিখিত সেশন জজ আদালতে আপীল দায়ের করিতে পারিবেন।

(২) সেশন জজের আদালত কর্তৃক আপীলে প্রদত্ত রায় চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

ষষ্ঠ অধ্যায়

কমিশনের আর্থিক বিষয়াদি

৩১। প্রতিযোগিতা তহবিল।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে প্রতিযোগিতা তহবিল নামে কমিশনের একটি তহবিল গঠিত হইবে।

(২) প্রতিযোগিতা তহবিল, অতঃপর এই ধারায় তহবিল বলিয়া উল্লিখিত, এর পরিচালনা ও প্রশাসন, এই ধারা এবং বিধির বিধান সাপেক্ষে, কমিশনের উপর ন্যস্ত থাকিবে।

(৩) তহবিলে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা ঃ—

(ক) সরকার কর্তৃক প্রদত্ত বাৎসরিক অনুদান;

(খ) এই আইনের অধীন জমাকৃত ফিস, চার্জ, ইত্যাদি;

(গ) ব্যাংকে জমাকৃত অর্থের সুদ; এবং

(ঘ) প্রচলিত বিধি-বিধানের পরিপন্থী নহে এমন অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(৪) তহবিল হইতে চেয়ারপার্সন, কমিশনের সদস্য, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, ভাতা ও চাকুরীর শর্তাবলী অনুসারে প্রদেয় অর্থ প্রদান করা হইবে এবং কমিশনের প্রয়োজনীয় অন্যান্য ব্যয় নির্বাহ করা হইবে।

(৫) কমিশনের অর্থ কেবল উহার দায় ও দায়িত্ব প্রতিপালনের খরচ পরিশোধের জন্য ব্যয় করা হইবে এবং দৈনন্দিন কার্য পরিচালনার অর্থ কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত কোন তফসিলি ব্যাংকে জমা রাখিতে হইবে এবং উক্ত ব্যাংক হইতে অর্থ উত্তোলনের পদ্ধতি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

ব্যাখ্যা।—এই ধারায় "তফসিলি ব্যাংক" বলিতে Bangladesh Bank Order, 1972 (PO 127 of 1972) এর article 2(j) তে সংজ্ঞায়িত Scheduled Bank কে বুঝাইবে।

(৬) তহবিলের উদ্বৃত্ত অর্থ বাংলাদেশ সরকারের সংযুক্ত তহবিলে জমা করা হইবে।

৩২। অর্থ ব্যয়ের ক্ষেত্রে কমিশনের স্বাধীনতা।—সরকার প্রতি অর্থ-বৎসরে কমিশনের ব্যয়ের জন্য উহার অনুকূলে নির্দিষ্টকৃত অর্থ বরাদ্দ করিবে; এবং অনুমোদিত ও নির্ধারিত খাতে উক্ত বরাদ্দকৃত অর্থ হইতে ব্যয় করিবার ক্ষেত্রে সরকারের পূর্বানুমোদন গ্রহণ করা কমিশনের জন্য আবশ্যক হইবে না।

৩৩। বার্ষিক বাজেট বিবরণী।—কমিশন প্রতি বৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে যে পরিমাণ অর্থের প্রয়োজন হইবে উহার উল্লেখ থাকিবে এবং উক্ত অর্থ বৎসর শুরু হইবার পূর্বেই সরকার উক্ত বাজেট বিবরণীর ভিত্তিতে প্রয়োজনীয় বাজেট অনুমোদন করিবে।

৩৪। হিসাবরক্ষণ ও নিরীক্ষা।—(১) কমিশন যথাযথভাবে উহার হিসাবরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর কমিশনের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও কমিশনের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কমিশনের সকল রেকর্ড, দলিল দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং কমিশনের কোন সদস্য বা যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

সপ্তম অধ্যায়

বিবিধ

৩৫। কোম্পানী, ইত্যাদি কর্তৃক অপরাধ সংঘটন।—এই আইনের অধীন কোন অপরাধ কোন কোম্পানী কর্তৃক সংঘটিত হইয়া থাকিলে উক্তরূপ অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানীর এইরূপ মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা কর্মচারী বা প্রতিনিধি উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে সক্ষম হন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যা।—এই ধারায়—

(ক) "কোম্পানী" বলিতে কোন সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি বা এক বা একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত সংগঠনও অন্তর্ভুক্ত হইবে; এবং

(খ) "পরিচালক" বলিতে উহার কোন অংশীদার বা পরিচালনা বোর্ড, যে নামেই অভিহিত হউক, এর সদস্যকেও বুঝাইবে।

৩৬। তথ্য প্রকাশের ক্ষেত্রে বিধি-নিষেধ।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন কর্তৃক বা কমিশনের পক্ষে কোন ব্যবসা প্রতিষ্ঠান সংক্রান্ত কোন তথ্য প্রাপ্ত হইলে উহা, এই আইন বা

আপাততঃ বলবৎ অন্য কোন আইনের উদ্দেশ্য ব্যতীত অন্য কোন কারণে, সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানের লিখিত পূর্বসম্মতি ব্যতিরেকে প্রকাশ করা যাইবে না।

(২) কমিশনের কোন কর্মকর্তা বা কর্মচারী উপ-ধারা (১) এর বিধান লংঘন করিলে তাহার বিরুদ্ধে বিভাগীয় অথবা আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৩৭। নির্দেশনা প্রদানে সরকারের ক্ষমতা।—(১) এই আইনের অন্যান্য বিধানকে ক্ষুণ্ন না করিয়া, এই আইনের অধীন কমিশনের ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে কমিশন আইনের বাস্তবায়ন, কারিগরি এবং প্রশাসনিক বিষয়াদি ব্যতীত নীতিগত প্রশ্নে সরকারের নির্দেশনাসমূহ প্রতিপালনে বাধ্য থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার অধীন সরকার কর্তৃক নির্দেশনা প্রদানের পূর্বে, যতদূর বাস্তবসম্মত হয়, কমিশনকে ইহার অভিমত প্রকাশের সুযোগ প্রদান করিতে হইবে।

(২) সরকারের সিদ্ধান্ত, নীতিগত প্রশ্নের হউক বা না হউক, চূড়ান্ত হইবে।

৩৮। ক্ষমতা অর্পণ।—(১) চেয়ারপার্সনের সার্বিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে অন্যান্য সদস্যগণ তাহাদের উপর অর্পিত দায়িত্ব পালন করিবেন এবং এইরূপ দায়িত্ব পালনের ক্ষেত্রে চেয়ারপার্সনের নিকট সদস্যদের জবাবদিহিতা থাকিবে।

(২) কমিশন উহার যে কোন ক্ষমতা, তৎকর্তৃক নির্ধারিত শর্তে, উহার যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

৩৯। বার্ষিক প্রতিবেদন।—(১) প্রতি অর্থ-বৎসর সমাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে কমিশন তৎকর্তৃক পূর্ববর্তী অর্থ-বৎসরে সম্পাদিত উহার কার্যাবলী সম্পর্কে একটি প্রতিবেদন রাষ্ট্রপতির নিকট পেশ করিবে।

(২) এই ধারার অধীন প্রতিবেদন প্রাপ্তির পর রাষ্ট্রপতি উহা জাতীয় সংসদে উপস্থাপনের ব্যবস্থা করিবেন।

৪০। জনসেবক।—কমিশনের চেয়ারপার্সন, সদস্য ও অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী দণ্ডবিধির section 21-এর public servant (জনসেবক) অভিব্যক্তিটি যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে public servant (জনসেবক) বলিয়া গণ্য হইবেন।

৪১। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ।—এই আইন বা তদধীন প্রণীত বিধি বা প্রবিধানের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে, তজ্জন্য কমিশন, কোন সদস্য বা কোন কর্মকর্তা বা কর্মচারীর বা সরকার বা কমিশনের কর্তৃত্বাধীন কোন প্রকাশনা, রিপোর্ট বা কার্যধারার বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের বা রুজু করা যাইবে না।

৪২। এই আইনের বিধানাবলীর অতিরিক্ততা।—এই আইনের বিধানাবলী অন্যান্য আইনের কোন বিধানের ব্যত্যয় না হইয়া উহার অতিরিক্ত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, এই আইনের নির্দিষ্টকৃত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন এবং পূরণের ক্ষেত্রে এই আইনের বিধানাবলী আপাততঃ বলবৎ অন্যান্য আইনের বিধানাবলীর উপর প্রাধান্য পাইবে।

৪৩। বিধি প্রণয়নের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৪৪। প্রবিধান প্রণয়নের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন ও বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ না হয় এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

৪৫। ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।—(১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা পাঠ ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

৪৬। রহিতকরণ ও হেফাজত।—(১) Monopolies and Restrictive Trade Practices (Control and Prevention) Ordinance, 1970 (Ord. V of 1970) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও,—

(ক) উহার অধীন কৃত, সম্পাদিত বা গৃহীত যে কোন বা সকল ব্যবস্থা এই আইনের অধীন কৃত, সম্পাদিত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) উহার অধীন চলমান কার্যধারা এমনভাবে চলমান

ও অব্যাহত থাকিবে যেন উহা এই আইনের অধীনই গৃহীত হইয়াছে।

.....

Published in Bangladesh Gazette Extra-ordinary
Dated 26th June, 2012

Act No. 24 of 2012

পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকগণের চাকুরীর শর্ত নির্ধারণকল্পে গঠিত জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন, ২০১০ এর সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত প্রণীত আইন

যেহেতু পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকগণের চাকুরীর শর্ত নির্ধারণকল্পে গঠিত জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন, ২০১০ এর সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত আইন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**—(১) এই আইন পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকুরীর শর্তাবলী) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৯ বৈশাখ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০২ মে, ২০১২ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই আইন সমগ্র বাংলাদেশের পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) "কমিশন" অর্থ ২৬ বৈশাখ ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ৯ মে ২০১০ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত 'রেজলিউশন' নং-শ্রকম/অধিশাখা-৬/মজুরী কমিশন-২/২০১০/৯৫ এর মাধ্যমে গঠিত 'জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন, ২০১০';

(খ) "নাইট শিফ্‌ট" অর্থ প্রতিদিনের কাজ বিভিন্ন শিফ্‌টে সম্পন্ন করা হয়, এইরূপ রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে রাত্রি ১২ (বারো) টার পরে পরিচালিত কোন শিফ্‌ট;

(গ) "পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান" অর্থ সরকারের মালিকানাধীন, রাষ্ট্রায়ত্ত, সরকারে ন্যস্ত বা সরকার কর্তৃক পুনঃগ্রহণকৃত (taken over) পণ্য উৎপাদনশীল—

(অ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন,

(আ) বাংলাদেশ পাটকল কর্পোরেশন,

(ই) বাংলাদেশ টেক্সটাইল মিল্‌স কর্পোরেশন,

(ঈ) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন,

(উ) বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন,

(ঊ) বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন;

(ঘ) "শ্রমিক" অর্থ শিক্ষাধীনসহ কোন ব্যক্তি, তাহার চাকুরীর শর্তাবলী প্রকাশ্য বা উহ্য যে ভাবেই থাকুক না কেন, যিনি কোন প্রতিষ্ঠানে বা শিল্পে সরাসরিভাবে বা কোন ঠিকাদারের মাধ্যমে মজুরী বা অর্থের বিনিময়ে কোন দক্ষ, অদক্ষ, কায়িক, কারিগরি, ব্যবসা উন্নয়নমূলক অথবা কেরানীগিরির কাজ করার জন্য নিযুক্ত হন, কিন্তু প্রধানতঃ প্রশাসনিক বা ব্যবস্থাপনামূলক কাজে দায়িত্বপ্রাপ্ত কোন ব্যক্তি ইহার অন্তর্ভুক্ত হইবেন না।

৩। **কমিশনের কতিপয় সুপারিশ বিবেচনা করিয়া শ্রমিকের চাকুরীর শর্তাবলী নির্ধারণে সরকারের ক্ষমতা।**—(১) আপাততঃ বলবৎ অন্য কোন আইন, বিধি, প্রবিধান, উপ-আইন, চুক্তি, রোয়েদাদ, মীমাংসা, প্রথা, রীতি বা চাকুরীর শর্তাবলীতে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, কমিশনের কোন সুপারিশ বিবেচনা করিয়া বাস্তবায়নের উদ্দেশ্যে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিককে প্রদেয় মজুরী, বাড়ীভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, ধোলাই ভাতা, উৎসব ভাতা, বোনাস, ছুটি নগদায়ন, কনট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, টিফিন ভাতা, গ্রাচ্যুইটি, পাহাড়ী ভাতা, রোটেটিং শিফ্‌ট ডিউটি ভাতা, নাইট শিফ্‌ট ভাতা, গ্রুপ ইন্স্যুরেন্স, শিক্ষা সহায়ক ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি নির্ধারণ করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত সুবিধা ও ভাতাদি ব্যতীত অন্যান্য যে সকল সুবিধা ২০০৬ সনের মজুরী কাঠামোতে (জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন, ২০০৫ এর সুপারিশের ভিত্তিতে প্রবর্তিত) প্রবর্তন করা হইয়াছিল তাহাও পূর্বের নিয়মে ও হারে বহাল থাকিবে, তবে পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানসমূহের কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন শ্রমিককে উপরি-উক্তভাবে নির্ধারিত সুযোগ-সুবিধার

অতিরিক্ত সুযোগ-সুবিধা প্রদান করিতে পারিবে না।

(৩) উপ-ধারা (১) এ বর্ণিত মজুরী, বাড়ীভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, ধোলাই ভাতা, উৎসব ভাতা, ছুটি নগদায়ন, কনট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, টিফিন ভাতা, গ্রাচ্যুইটি, পাহাড়ী ভাতা, রোটেটিং শিফ্‌ট ডিউটি ভাতা, নাইট শিফ্‌ট ভাতা, গ্রুপ ইন্স্যুরেন্স, শিক্ষা সহায়ক ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদানের নিমিত্ত পর্যায়ক্রমে ভূতাপেক্ষা কার্যকারিতা প্রদানের জন্য নিয়মাবলী সম্বলিত প্রজ্ঞাপন জারী করা যাইবে।

৪। **মজুরী ও সুযোগ-সুবিধার ভূতাপেক্ষ কার্যকারিতা।**—ধারা ৩ এর অধীন নির্ধারিতব্য মজুরি ০১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ এবং ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধার নূতন হার ০১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৫। **কতিপয় চুক্তি ইত্যাদি বাতিল।**—ধারা ৩ এর অধীন সরকার কর্তৃক নির্ধারিত কোন সুযোগ-সুবিধা সম্পর্কে এই আইন প্রবর্তনের পূর্বে বা পরে সম্পাদিত চুক্তি, উপনীত মীমাংসা বা প্রদত্ত রোয়েদাদ উক্ত ধারার অধীনে নির্ধারিত কোন কিছুর পরিপন্থী হইলে এইরূপ চুক্তি, মীমাংসা বা রোয়েদাদ বাতিল হইবে এবং উহা কোনভাবেই বলবৎযোগ্য হইবে না।

৬। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকুরীর শর্তাবলী) আইন, ২০০৬ (২০০৬ সনের ২৮ নং আইন), পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকুরীর শর্তাবলী) অধ্যাদেশ, ২০১২ (২০১২ সনের ০৫ নং অধ্যাদেশ) এবং উহাদের অধীন জারীকৃত সকল প্রজ্ঞাপন, অতঃপর উক্ত আইন, অধ্যাদেশ ও প্রজ্ঞাপন বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা, রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও উক্ত আইন, অধ্যাদেশ বা প্রজ্ঞাপন এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

.....

Published in Bangladesh Gazette Extra-ordinary
Dated 30th June, 2012

Act No. 25 of 2012

ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২ এর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২ (২০১২ সনের ৮ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০১২ সনের ৮ নং আইনে নূতন ধারা ২৩ ও ২৪ এর সংযোজন।**—২০১২ সনের ৮ নং আইনের ধারা ২২ এর পর নিম্নরূপ নূতন ধারা ২৩ ও ২৪ সংযোজিত হইবে, যথা ঃ—

"২৩। **ঢাকা যানবাহন সমন্বয় বোর্ড এর বিলোপ, ইত্যাদি।**—(১) এই আইনের অধীন কর্তৃপক্ষ গঠিত হইবার সংগে সংগে ঢাকা যানবাহন সমন্বয় বোর্ড, অতঃপর বিলুপ্ত বোর্ড বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে।

(২) বিলুপ্ত বোর্ড এর—

(ক) সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবি ও অধিকার কর্তৃপক্ষের নিকট স্থানান্তরিত হইবে এবং কর্তৃপক্ষ উহার অধিকারী হইবে;

(খ) সকল ঋণ, দায় এবং দায়িত্ব কর্তৃপক্ষের ঋণ, দায় ও দায়িত্ব হইবে;

(গ) সকল কর্মকর্তা ও কর্মচারী কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং বিলুপ্ত বোর্ডে কর্মরত থাকাকালে যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিবেন।

২৪। **রহিতকরণ ও হেফাজত**।—(১) ঢাকা যানবাহন সমন্বয় বোর্ড আইন, ২০০১ (২০০১ সনের ১৯ নং আইন), অতঃপর রহিত আইন বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত আইনের অধীন কৃত সকল কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) রহিত আইনের অধীন গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত আইন রহিত হয় নাই।"।

.....

Published in Bangladesh Gazette Extra-ordinary
Dated 10th July, 2012

Act No. 28 of 2012

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সালের ১নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **১৯৯৮ সালের ১নং আইনের ধারা ২ এর সংশোধন**।—বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর—

(ক) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ঘ) "এ্যাফিলিয়েটেড বা অধিভুক্ত মেডিক্যাল কলেজ বা ইনস্টিটিউট" অর্থ বাংলাদেশের কোন মেডিক্যাল কলেজ বা ইনস্টিটিউট, যাহা বিশ্ববিদ্যালয়ের সহিত এ্যাফিলিয়েটেড বা অধিভুক্ত;"

(খ) দফা (চ) এর পর নিম্নরূপ দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(চচ) "বিভাগ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগ;"।

৩। **১৯৯৮ সনের ১নং আইনের ধারা ৬ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৬ এর দফা (ক) এর পর নিম্নরূপ দফা (কক) সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"(কক) নার্সিং এ স্নাতক ও স্নাতকোত্তর অধ্যয়নের ব্যবস্থা করা;"।

৪। **১৯৯৮ সনের ১ নং আইনের ধারা ৮ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৮ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "শিক্ষা" শব্দের পর "ও শিক্ষা কার্যক্রম" শব্দগুলি সন্নিবেশিত হইবে।

৫। **১৯৯৮ সনের ১নং আইনের ধারা ১৩ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১৩ এ উল্লিখিত "কর্মে প্রবীণতম" শব্দগুলির পরিবর্তে "প্রো-ভাইস-চ্যান্সেলরগণের মধ্যে যিনি চাকুরীতে জ্যেষ্ঠ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **১৯৯৮ সনের ১ নং আইনের ধারা ২২ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ২২ এর উপ-ধারা (১) এর—

(ক) দফা (গ) তে উল্লিখিত "প্রো-ভাইস-চ্যান্সেলর" শব্দগুলির পরিবর্তে "প্রো-ভাইস চ্যান্সেলরগণ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ঙ) ভাইস-চ্যান্সেলর কর্তৃক, অনুষদভিত্তিক, পালাক্রমে, মনোনীত দুইজন ডীন;

(গ) দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ঝ) সরকার কর্তৃক মনোনীত তিন জন সরকারি কর্মকর্তা, যাহাদের মধ্যে একজন হইবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এবং অপর দুইজন হইবেন, যথাক্রমে, শিক্ষা মন্ত্রণালয় ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন কর্মকর্তা;";